



মেটা অর্জিকরণ সঙ্কলন

২০২০-২০২১



মন্ত্রিপরিষদ বিভাগ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেবা সহজিকরণ সংকলন
জুন ২০২১

প্রকাশনায়
মন্ত্রিপরিষদ বিভাগ

ডিজাইন:
এটুআই

মুদ্রণ:
বি.জি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বর্তমান সরকার সুশাসন প্রতিষ্ঠা এবং সেবামুখী জনপ্রশাসন বিনির্মাণে বদ্ধপরিকর। সরকারি কর্মচারীদের অন্যতম কর্তব্য হল জনগনকে সেবা প্রদান করা। কাঙ্ক্ষিত মানের সেবা প্রদানের মাধ্যমে জনপ্রত্যাশা পূরণ তথা সুশাসন প্রতিষ্ঠা বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার।

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ ও তথ্য প্রযুক্তির পূর্ণ বিকাশ, টেকসই উন্নয়ন অর্জিত ২০৩০ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে উন্নীত করার লক্ষ্যে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বৈদেশিক বিনিয়োগ আকর্ষণের জন্য ২০২১ সালে 'Ease of Doing Business Index' এ বাংলাদেশের অবস্থান দুই ডিজিটে নামিয়ে আনার লক্ষ্যে নানামুখী কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। এছাড়াও বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) এবং ৮ম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সকলের সম্মিলিতভাবে কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক। সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী 'আমার গ্রাম আমার শহর - প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ' সারাদেশে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচি বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ।

এ কাজের জন্য সময়াবদ্ধ পরিকল্পনা গ্রহণের পাশাপাশি নাগরিকদের কম সময়ে, কম খরচে এবং দ্রুত দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দেওয়া প্রয়োজন। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা-র সেবা সহজিকরণ সমূহ যেন অন্যের নিকট অনুকরণীয় হয় সে লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এই প্রথমবারের মতো সেবা সহজিকরণ সংকলন প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সংকলন প্রকাশনার সঙ্গে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিব শতবর্ষে আমাদের প্রত্যাশা সকলের ঐকান্তিক প্রচেষ্টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' তথা সুখী, সমৃদ্ধ, উন্নত বাংলাদেশ বিনির্মাণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

০২/৬/২০২১

খন্দকার আনোয়ারুল ইসলাম



সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ


বাংলাদেশ একটি গণতান্ত্রিক ও কল্যাণমূলক রাষ্ট্র। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশে রূপান্তরের মাধ্যমে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধ পরিকর। জনসেবা নিশ্চিতকরণের মাধ্যমে জনসন্তুষ্টি বিধান এবং নাগরিক সেবার প্রতিশ্রুতিস্বরূপ বর্তমান সরকার ২০০৯ সাল থেকে সরকারি অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়ন এবং এর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮-তে প্রতিশ্রুতি রয়েছে যে সরকারি সেবা দান প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা, দুর্নীতি, আমলাতান্ত্রিক জটিলতা এবং সর্বপ্রকার হয়রানির অবসান ঘটানো হবে।

টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০-এর ১৬ (৬)-এ সকল স্তরে কার্যকর, জবাবদিহিমূলক ও স্বচ্ছ প্রতিষ্ঠানের বিকাশের মাধ্যমে সরকারি সেবায় নাগরিক সন্তুষ্টির বিধৃত হয়েছে। এছাড়া সচিবালয় নির্দেশমালা ২০১৪-তে নাগরিক বা সেবা গ্রহণকারীর সুবিধার্থে সেবা সহজিকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। সেবা সহজিকরণের মাধ্যমে সেবা গ্রহীতাদের ভোগান্তি হ্রাস করার বিষয়টি অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫-তেও নির্দেশিত হয়েছে। জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চীফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উদ্ভাবন উদ্যোগ গ্রহণ ও উদ্যোগ গ্রহণের সুযোগ সৃষ্টি এবং দক্ষতা উন্নয়নে ইনোভেশন টিমসমূহ ভূমিকা রাখছে।

প্রতি বছর মন্ত্রিপরিষদ বিভাগ মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর/সংস্থা, জেলা/উপজেলা পর্যায়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি কাঠামো এবং মূল্যায়ন নির্দেশিকা প্রনয়ণ করে থাকে। ২০২০-২১ থেকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা এপিএ-এর সঙ্গে সমন্বিতভাবে প্রনয়ণ করা হচ্ছে। সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় সাধন ও পরিবীক্ষণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ই-সার্ভিস মনিটরিং কমিটি গঠন করা হয়েছে।

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা-এর সেবা সহজিকরণ সমূহ যেন শুধু নিজ প্রতিষ্ঠানের মধ্যেই সীমাবদ্ধ না থাকে, অন্যের নিকট অনুকরণীয় হয় সে লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এই প্রথমবারের মতো সেবা সহজিকরণ সংকলন প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ সংকলন প্রকাশনার উদ্যোগকে সাধুবাদ জানাচ্ছি।

উন্নয়নের এই অগ্রযাত্রাকে আরো বেগবান করে জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলা' বিনির্মাণে সরকারি দপ্তরসমূহ উদ্ভাবনের মাধ্যমে সেবা সহজিকরণ প্রক্রিয়া অব্যাহত রাখবে বলে আমি বিশ্বাস করি।


মোঃ কামাল হোসেন ০৭/০৭/২০২১

সূচিপত্র

ক্র.নং.	বিষয়	পৃষ্ঠা
পাট ও বস্ত্র মন্ত্রণালয়		
০১	স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সেবা সহজিকরণ	১
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ		
০২	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর অধীন সমবায় অধিদপ্তরের বিসিএস (সমবায়) ক্যাডারের মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের শান্তি বিনোদন, বহিঃ বাংলাদেশ ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত সেবা সহজিকরণ	৬
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়		
০৩	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে সভা/সেমিনার/কর্মশালায় কর্মকর্তা মনোনয়ন।	১৩
খাদ্য মন্ত্রণালয়		
০৪	অনলাইন এসিআর ফর্ম	১৯
০৫	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের হটলাইন সেবা ৩৩৩ চালু	২৪
০৬	ময়দাকল তালিকাভুক্তি অনুমোদন সেবা সহজিকরণ	২৯
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়		
০৭	হজযাত্রীদের পি-এরাইভাল ইমিগ্রেশন (Route to Makkah)	৩৫
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়		
০৮	অনলাইন ভিত্তিক রিকুইজিশন অ্যান্ড ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে।	৪০
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়		
০৯	মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নামে দাপ্তরিক/ আবাসিক টেলিফোন মঞ্জুরী সহজিকরণ	৪৪
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়		
১০	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্যৎ তহবিলের অর্থ অগ্রিম উত্তোলনের অনুমতি সংক্রান্ত সেবা সহজিকরণ	৫১
১১	অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) প্রশিক্ষার্থীদের কলেজ ফিস আদায়।	৫৮
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ		
১২	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কোটাভুক্ত বাসা বরাদ্দের কার্যক্রম সেবা সহজিকরণ	৬৩
১৩	অনলাইনে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) আবেদন গ্রহণ।	৬৭
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ		
১৪	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাভুক্ত বিভিন্ন Agreement/MoU এবং গুরুত্বপূর্ণ পত্র/তথ্যাদি সরবরাহ সংক্রান্ত সেবা সহজিকরণ	৭০
১৫	বৈদেশিক অর্থায়ন তথ্য সরবরাহ সংক্রান্ত সেবা সহজিকরণ	৭৪
১৬	বাংলাদেশে-সুইডেন ট্রাস্ট ফান্ডের প্রদানকৃত উচ্চশিক্ষার জন্য বৃত্তির বিজ্ঞপ্তি অনলাইনে প্রকাশ	৭৭

সূচিপত্র

ক্র.নং.	বিষয়	পৃষ্ঠা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ		
১৭	ল্যান্ডভিত্তিক প্রিন্টিং সেবা	৮৩
শিল্প মন্ত্রণালয়		
১৮	স্টেশনারী মালামাল বিতরণ সেবা সহজিকরণ	৮৭
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ		
১৯	ই-নোটিফিকেশন সিস্টেম	৯০
কৃষি মন্ত্রণালয়		
২০	কৃষি মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন প্রকার ঋণ (গৃহ নির্মাণ, মোটর কার, কম্পিউটার, মোটর সাইকেল ও বাই সাইকেল) মঞ্জুর সেবা সহজিকরণ	৯৪
২১	নন-ইউরিয়া সারের মাসিক বরাদ্দ সেবা সহজিকরণ	৯৭
২২	‘ধানের রোগবালাই ও তার ব্যবস্থাপনা’ শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি ই-লার্নিং পদ্ধতিতে রূপান্তরপূর্বক প্রশিক্ষণ প্রদান সহজিকরণ।	১০০
২৩	ভ্রাম্যমাণ বীজ সেবা কেন্দ্র	১০৪
জনপ্রশাসন মন্ত্রণালয়		
২৪	(ক) সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হিবাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ (খ) জেলা প্রশাসক/অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হিবাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ	১০৯
সেতু বিভাগ		
২৫	স্টোরের মালামাল স্বল্প সময়ে বরাদ্দ প্রদান	১১৫
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ		
২৬	ই-অ্যাপয়েন্টমেন্ট	১২১
শিক্ষা মন্ত্রণালয়		
২৭	কলেজ এর গভর্নিং বডি অনুমোদন কার্যক্রম সহজিকরণ	১২৫
২৮	শিক্ষাছুটি/প্রেষণে উচ্চ শিক্ষা/গবেষণা কাজে নিয়োজিত শিক্ষক/কর্মকর্তাদের আপডেট ডাটাবেজ সংরক্ষণসহ গবেষণা/উচ্চ শিক্ষার অগ্রগতি পরিবীক্ষণ সহজিকরণ	১২৮
২৯	চিকিৎসা অনুদান প্রদান সেবা সহজিকরণ	১৩২

পাট ও বস্ত্র মন্ত্রণালয়

সেবা সহজিকরণের নাম: স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সেবা সহজিকরণ

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখায় একটি Store (ভান্ডার) রয়েছে। এতে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য প্রায় ১৫০ (একশত পঞ্চাশ) প্রকারের মালামাল রয়েছে। Store (ভান্ডার) এ ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মজুদ করা হতো। এ পদ্ধতিতে জরুরী প্রয়োজনে তাৎক্ষণিক মালামালের পরিমাণ ও মূল্য প্রদান করা জটিল ও সময় সাপেক্ষ। এছাড়াও ম্যানুয়াল পদ্ধতিতে ভান্ডার ব্যবস্থাপনায় মালামালের রিকুইজিশন হারিয়ে যাওয়াসহ বিভিন্ন ধরনের ভুলত্রুটি ও অনিয়ম হওয়ার সম্ভাবনা থাকে। এসব কারণে ভান্ডার ব্যবস্থাপনায় ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে ভান্ডারের যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মালামালের অবস্থা জানা প্রভৃতি খুব সহজেই করা যাবে। এতে একদিকে Store (ভান্ডার) এ মালামালের ঘাটতি হবে না অন্যদিকে মালামাল গ্রহনকারী সমাপনী মালামালের মজুদের অবস্থা বিবেচনা করে তাঁর মালামালের রিকুইজিশন দিতে পারবেন। সর্বোপরি ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন করা হলে ভান্ডার ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং TCV কমবে।

পূর্বে বিভিন্ন শাখা হতে প্রেরিত স্টেশনারী ও অফিস সরঞ্জামাদি বিষয়ক চাহিদাপত্র গুলো হারিয়ে যেত। ফলে পুনরায় চাহিদাপত্র প্রেরণের প্রয়োজন হত। ফলে কর্মকর্তাদের মালামাল পেতে বিলম্ব হত। এতে সময়ের অপচয় হত, ভোগান্তি হত, বারবার চাহিদাপত্র প্রিন্টিং এর ফলে অর্থের অপচয় হত এবং দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটত। এছাড়াও নথিতে বারবার Query দেয়ার ফলে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে বিলম্ব হত। বিদ্যমান পদ্ধতিতে সেবার ধাপ ছিল ১১টি।

এ সমস্যা হতে উত্তরণের জন্য ভান্ডার ব্যবস্থাপনায় ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে। প্রস্তাবিত পদ্ধতিতে অনলাইনে চাহিদাপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব দেয়া হয়েছে। ফলে চাহিদাপত্র বারবার হারিয়ে যাওয়ার সমস্যা থেকে উত্তরণ ঘটবে এবং সময় ও খরচ বাঁচবে এবং কর্মকর্তাদের ভোগান্তির অবসান হবে। এছাড়া নথি উপস্থাপনের পূর্বে উর্ধ্বতন কর্মকর্তার সাথে সংশ্লিষ্ট বিষয়ে আলাপ করে নেয়ার ফলে খুব অল্প সময়েই নথি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন হবে। প্রস্তাবিত পদ্ধতিতে সেবার ধাপ হবে ০৮টি।

সেবা গ্রহণকারী: মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।


১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতিধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	চাহিদাপত্র প্রেরণ	১ দিন	চাহিদাপত্র প্রেরণকারী
ধাপ-২	নথি উপস্থাপনের পূর্বে উর্ধ্বতন কর্মকর্তার সাথে সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা	১ দিন	শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ধাপ-৩	নথিতে উপস্থাপন ও অনুমোদন	৫ দিন	সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব/ উপসচিব/ সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতিধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-৪	টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও সরবরাহ	৫ দিন	শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ AME
ধাপ-৫	দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি গঠন	৫ দিন	অফিস প্রধান
ধাপ-৬	দরপত্র আহ্বান	১০ দিন	শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ধাপ-৭	দরপত্র উন্মুক্তকরণ	১ দিন	দরপত্র উন্মুক্তকরণ কমিটি
ধাপ-৮	দরপত্র মূল্যায়ন	৫ দিন	দরপত্র মূল্যায়ন কমিটি, সচিব/ অফিস প্রধান
ধাপ-৯	দরপত্র অনুমোদন	১১ দিন	দরপত্র মূল্যায়ন কমিটি, সচিব/ অফিস প্রধান
ধাপ-১০	কার্যাদেশ প্রদান	১ দিন	শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ধাপ-১১	পণ্য/ সেবা সরবরাহ/ গ্রহণ	৫ দিন	অফিস সহকারী

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ

সেবার নাম: সেবা শাখার স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম
সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ (পূর্বের অবস্থা)




৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির খাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	বিভিন্ন শাখা থেকে চাহিদাপত্র প্রেরণ করলে তা বারবার হারিয়ে যেত। ফলে পুনরায় বারবার চাহিদাপত্র প্রেরণের প্রয়োজন হত। এতে সময়ের অপচয় হত, ভোগান্তি হত, বারবার চাহিদাপত্র প্রিন্টিং এর ফলে অর্থের অপচয় হত এবং দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটত। এছাড়াও নথিতে বারবার কোয়েরি (অনুসন্ধান) দেওয়ার ফলে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে বিলম্ব হত।	এ সমস্যা হতে উত্তরণের জন্য অনলাইনে চাহিদাপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব দেওয়া হয়েছে। ফলে চাহিদাপত্র বারবার হারিয়ে যাওয়ার সমস্যা থেকে উত্তরণ ঘটবে এবং সময় ও খরচ বাঁচবে এবং কর্মকর্তাদের ভোগান্তির অবসান হবে। এছাড়া নথি উপস্থাপনের পূর্বে উর্ধ্বতন কর্মকর্তার সাথে সংশ্লিষ্ট বিষয়ে আলাপ করে নেওয়ার ফলে খুব অল্প সময়েই নথি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন হবে।
২। দাখিলীয় কাগজপত্রাদি	চাহিদাপত্র	অনলাইনে চাহিদাপত্র প্রেরণ
৩। সেবার ধাপ	১১	৮
৪। সম্পূর্ণ জনবল	৫	৩
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	৩	২
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	৩	১
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার	কম্পিউটার, সফটওয়্যার
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	রেজিস্টার খাতা, শাখা ডায়েরি নিবন্ধন বই	অনলাইন ডাটাবেইজ
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	আংশিক	সম্পূর্ণ
১১। খরচ (নাগরিক+ অফিস)	১৫ টাকা	০ টাকা
১২। সময় (নাগরিক+ অফিস)	৪৫ দিন	২৭ দিন
১৩। যাতায়াত (নাগরিক)	১০-১৫ বার	২ বার
১৪। অন্যান্য	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ

সেবার নাম: ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম
সহজিকরণের পরে প্রসেস ম্যাপ (বর্তমান অবস্থা)



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপ ভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	চাহিদাপত্র প্রেরণ	ধাপ-১	অনলাইনে চাহিদাপত্র প্রেরণ
ধাপ-২	নথি উপস্থাপনের পূর্বে উর্ধ্বতন কর্মকর্তার সাথে সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা	ধাপ-২	নথি উপস্থাপনের পূর্বে উর্ধ্বতন কর্মকর্তার সাথে সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা
ধাপ-৩	নথিতে উপস্থাপন ও অনুমোদন	ধাপ-৩	ই-নথিতে উপস্থাপন ও অনুমোদন
ধাপ-৪	টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও সরবরাহ	ধাপ-৪	টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও সরবরাহ
ধাপ-৫	দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ণ কমিটি গঠন	ধাপ-৫	ই-জিপি
ধাপ-৬	দরপত্র আহ্বান	ধাপ-৬	দরপত্র মূল্যায়ণ ও অনুমোদন
ধাপ-৭	দরপত্র উন্মুক্তকরণ	ধাপ-৭	কার্যাদেশ প্রদান
ধাপ-৮	দরপত্র মূল্যায়ণ ও অনুমোদন	ধাপ-৮	পণ্য/ সেবা সরবরাহ/ গ্রহণ
ধাপ-৯	কার্যাদেশ প্রদান		
ধাপ-১০	পণ্য/ সেবা সরবরাহ/ গ্রহণ		

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	৪৫ দিন	২৭ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	১৫ টাকা	০০ টাকা
যাতায়াত	১০-১৫ বার	২ বার
ধাপ	১১	৮
জনবল	২৩	২৩
দাখিলীয় কাগজপত্র	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর অধীন সমবায় অধিদপ্তরের বিসিএস (সমবায়) ক্যাডারের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন, বহিঃ বাংলাদেশ ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত সেবা সহজিকরণ

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

বিদ্যমান পদ্ধতিতে বিসিএস (সমবায়) ক্যাডারের মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন, বহিঃ বাংলাদেশ ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল ডকুমেন্টের হার্ড কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয় বিধায় সময়, যাতায়াত ও খরচ প্রয়োজন হয়। বিদ্যমান পদ্ধতিতে প্রায় ১৪টি সেবার ধাপ অতিক্রম করতে হয়। সম্পূর্ণ কার্যক্রম সম্পন্ন হতে সময় লাগে ৩০ দিন এবং সম্পূর্ণ জনবলের সংখ্যা ৮-১০ জন।

এ সমস্যা হতে উত্তরণের জন্য বিসিএস সমবায় ক্যাডারের মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তিবিনোদন, বৈদেশিক ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল ডকুমেন্টের হার্ডকপি স্ক্যান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইমেইলে প্রেরণ করার প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত পদ্ধতিতে শুধুমাত্র ০৯টি ধাপের মধ্যেই সম্পূর্ণ কাজ সম্পন্ন করা সম্ভব যার ফলে প্রচুর সময়, খরচ ও ভোগান্তি কমে যাবে। প্রস্তাবিত পদ্ধতিতে সম্পূর্ণ কার্যক্রম সম্পন্ন হতে সময় লাগবে ১৫ দিন এবং সম্পূর্ণ জনবলের সংখ্যা ৬-৭ জন। পরিশেষে বলা যায় যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপরে বর্নিত সেবা সহজিকরণের ফলে সেবা গ্রহীতা পূর্বের চেয়ে কম সময়ে তার সেবাটি পাচ্ছেন।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পূর্ণ ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	বিসিএস (সমবায়) ক্যাডারের মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন, বৈদেশিক ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল ডকুমেন্টের হার্ডকপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।	৫ দিন	বিসিএস (সমবায়) ক্যাডারভুক্ত কর্মকর্তা
ধাপ-২	বিভাগীয় কার্যালয়: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রেরণ করেন।	৫ দিন	বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের দপ্তর
ধাপ-৩	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট প্রেরণ করেন।	৫ দিন	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর দপ্তর।
ধাপ-৪	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: নথিতে উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ করেন।	১ দিন	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর দপ্তর এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর দপ্তর।

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ ঘণ্টা/ মিনিট)	সম্পূর্ণ ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-৫	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): নথিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)-এর নিকট প্রেরণ করেন।	১ দিন	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর দপ্তর এবং সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)।
ধাপ-৬	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন): নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ করেন।	২ দিন	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন) এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)।
ধাপ-৭	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): সিদ্ধান্ত অনুমোদনের জন্য সচিব মহোদয়ের নিকট প্রেরণ করেন।	১ দিন	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
ধাপ-৮	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট প্রেরণ করেন।	১ দিন	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
ধাপ-৯	প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত অনুমোদন প্রদানপূর্বক সচিব মহোদয়ের নিকট প্রেরণ করেন।	১ দিন	প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
ধাপ-১০	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ করেন।	১ দিন	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)
ধাপ-১১	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)-এর নিকট প্রেরণ করেন।	১ দিন	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)
ধাপ-১২	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন): গৃহীত কার্যক্রমের বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর মহোদয়কে অবগতকরণ।	২ দিন	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন) এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
ধাপ-১৩	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর: বিভাগীয় কার্যালয়কে অবগতকরণ	২ দিন	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর এবং বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ
ধাপ-১৪	বিভাগীয় কার্যালয়: সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবগতকরণ।	২ দিন	বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ এবং সংশ্লিষ্ট সমবায় ক্যাডারভুক্ত কর্মকর্তা।

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ

বর্তমান কার্যক্রম সম্পাদনের প্রক্রিয়া

বিসিএস সমন্বয় কাঠামোর ঘাট পূরণের কর্তৃত্ব কর্মকর্তাদের প্রতি বিশোধন, বৈশেষিকমুঠি, অর্ধিত দুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল অনুমোদনের কর্তব্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।

২। বিভাগীয় কার্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ

৩। নিবন্ধক/ মহাপরিচালক, সমন্বয় অধিদপ্তর

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ

৪। সচিব, পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ

নথিতে উপস্থাপনের জন্য প্রেরণ

৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)

নথিতে উপস্থাপনের জন্য প্রেরণ

৬। সংশ্লিষ্ট দপ্তর উপস্থাপন (সমন্বয়, প্রশাসন)

নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রেরণ

৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)

সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রেরণ

৮। সচিব, পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ

সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রেরণ

৯। প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ

সিদ্ধান্ত অনুমোদন প্রধান পূর্বক প্রেরণ

১০। সচিব, পল্লী উন্নয়ন ও সমন্বয়

সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রেরণ

১১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)

১২। সংশ্লিষ্ট দপ্তর উপস্থাপন (প্রশাসন, সমন্বয়)

গৃহীত কার্যক্রমের বিষয়ে অবগতকরণ

১৩। নিবন্ধক/ মহাপরিচালক, সমন্বয় অধিদপ্তর

১৪। বিভাগীয় কার্যালয় ও

১৫। সংশ্লিষ্ট কর্মকর্তা

৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির খাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	বিদ্যমান পদ্ধতিতে আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন-এর সকল ডকুমেন্ট-এর হার্ডকপি তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয় বিধায় সময়, যাতায়াত খরচ প্রয়োজন হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে যদি সকল ডকুমেন্ট স্ক্যান করে অফিসিয়াল ওয়েব মেইলের মাধ্যমে প্রেরণ করা হয় তবে সময় ও যাতায়াত খরচ উভয়ই কম হয়।
২। দাখিলীয় কাগজ পত্রাদি	বিদ্যমান পদ্ধতিতে দাখিলীয় কাগজ পত্রাদির হার্ডকপি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয় বিধায় সময়, যাতায়াত খরচ প্রয়োজন হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে যদি সকল ডকুমেন্ট স্ক্যান করে অফিসিয়াল ওয়েব মেইলের মাধ্যমে প্রেরণ করা হয় তবে সময় ও যাতায়াত খরচ উভয়ই কম হয়।
৩। সেবার ধাপ	বিদ্যমান পদ্ধতিতে প্রায় ১৫টি সেবার ধাপ অতিক্রম করতে হয় যা অনেক সময়সাপেক্ষ এবং এর সাথে যাতায়াত ও অন্যান্য খরচ জড়িত।	প্রস্তাবিত পদ্ধতিতে শুধুমাত্র ০৯টি ধাপের মধ্যেই সম্পূর্ণ কাজ সম্পন্ন করা সম্ভব যার ফলে প্রচুর সময় ও খরচাদি বেচে যায়।
৪। সম্পূর্ণ জনবল	বিদ্যমান পদ্ধতিতে কমপক্ষে ৮-১০ জন কর্মকর্তা/ কর্মচারী সম্পূর্ণ	প্রস্তাবিত পদ্ধতিতে ৬-৭ জন কর্মকর্তার মাধ্যমে সকল প্রসেস সম্পন্ন করা সম্ভব।
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	বিদ্যমান পদ্ধতিতে ০১ জন স্বাক্ষরকারী এবং ০৬ জন অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তিকে অন্তত ০২ বার করে অনুমোদন দেওয়ার প্রয়োজন হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে ০১ জন স্বাক্ষরকারী এবং ০৬ জন অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তিকে ০১ বার করে অনুমোদন দেওয়ার প্রয়োজন হয়।
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	জেলা সমবায় কার্যালয়, বিভাগীয় সমবায় কার্যালয়, সমবায় অধিদপ্তর ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	একই। তবে অনুমোদন শেষে সরাসরি সেবা প্রত্যাশীর ইমেইলে ও বিভাগের ওয়েবসাইটে আদেশ/ প্রজ্ঞাপন আপলোড করা হয়।
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	নির্ধারিত ছুটি বিধিমালা ও প্রচলিত বিধিবিধান	নির্ধারিত ছুটি বিধিমালা ও প্রচলিত বিধিবিধান
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	কাগজ, কলম, খাম, কম্পিউটার, প্রিন্টার, যানবাহন।	কাগজ, কলম, স্ক্যানার, কম্পিউটার, ইন্টারনেট, ওয়েবমেইল।
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	সকল ডকুমেন্টের হার্ডকপি নথিতে সংরক্ষণ করতে হয়। ফলে কোন ডকুমেন্ট হারিয়ে যাওয়ার সম্ভাবনা থাকে।	সকল ডকুমেন্টের হার্ডকপি নথি এবং ডিজিটাল উভয় পদ্ধতিতেই সংরক্ষণ করা যায় ফলে হারিয়ে যাওয়ার সম্ভাবনা কম।
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	বিদ্যমান পদ্ধতিতে প্রযুক্তির প্রয়োগ নেই যা অত্যন্ত প্রয়োজনীয়।	প্রস্তাবিত পদ্ধতিতে সম্পূর্ণ কাজ প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে করা হয়ে থাকে।
১১। খরচ (নাগরিক+ অফিস)	ম্যাসেঞ্জার বা বিশেষ বাহক মারফত প্রেরণ করা হতো।	সরাসরি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়।
১২। সময় (নাগরিক+ অফিস)	৩০ (ত্রিশ) দিন	১৫ (পনের) দিন
১৩। যাতায়াত (নাগরিক)	নেই	নেই
১৪। অন্যান্য	-	-

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ

সেবা প্রক্রিয়া সহজীকরণ

বিলিএল সমন্বয় ক্যান্সারের ছাট পর্ষদের কর্মরত কর্মকর্তাদের প্রতি বিনোদন, বৈদেশিক ভুট, অর্জিত ভুট ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল অনুমতি আন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইমেইল প্রেরণ

২। বিভাগীয় কার্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইমেইল প্রেরণ

৩। নিবন্ধক/ মহাপরিচালক, সমন্বয় অধিদপ্তর

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইমেইল প্রেরণ

৪। সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমন্বয়, প্রশাসন)
ই-মেইল admin2.section@rdcd.gov.bd
ফোনঃ +৮৮-০২-৯৫৭৫৯৫৩
ক) ইমেইল প্রতিটি সাথে সাথে প্রতি ফিরত করবে
খ) ব্যক্তি বিষয়টি কার্যক্রম শুরু হয়েছে তবে ৩ দিনের মধ্যে ই-মেইলের মাধ্যমে জানাবে।
গ) ১০ দিনের মধ্যে কার্যক্রম শেষ না হলে তার কারণ জানিয়ে আবেদন করিকে ই-মেইল করে জানাবে।

নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রেরণ

৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)

সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রেরণ

৬। সচিব, পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ

সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রেরণ (প্রয়োজ্যক্ষেত্রে)

৭। প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ

সিদ্ধান্ত অনুমোদন প্রধানপূর্বক প্রেরণ

৮। সচিব, পল্লী উন্নয়ন ও সমন্বয় বিভাগ

সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রেরণ

৯। সংশ্লিষ্ট শাখার উপসচিব (প্রশাসন, সমন্বয়)

সকল কার্যাদি সমন্বয় করে গৃহিত কার্যক্রমের বিষয়টি ই-মেইলে আবেদনকারী কর্মকর্তাকে অবহিতকরণ এবং ওয়েব সাইটে প্রকাশ।

৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপ ভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	বিসিএস সমবায় ক্যাডারের মাঠপর্যায়ের কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন, বৈদেশিক ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল ডকুমেন্টের হার্ডকপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়।	ধাপ-১	বিসিএস সমবায় ক্যাডারের মাঠপর্যায়ের কর্মরত কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন, বৈদেশিক ছুটি, অর্জিত ছুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রমের সকল ডকুমেন্টের হার্ডকপি স্ক্যান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ই-মেইলে প্রেরণ।
ধাপ-২	বিভাগীয় কার্যালয়: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রেরণ করেন।	ধাপ-২	বিভাগীয় কার্যালয়: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধক ও মহাপরিচালকের নিকট ই-মেইলে প্রেরণ।
ধাপ-৩	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট প্রেরণ করেন।	ধাপ-৩	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট ই-মেইলে প্রেরণ।
ধাপ-৪	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: নথিতে উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ করেন।	ধাপ-৪	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন): ই-মেইল: admin2.section@rdcd.gov.bd ফোন: +৮৮-০২-৯৫৭৩৯৫৩ ক) ইমেইল প্রাপ্তির সাথে সাথে প্রাপ্তি স্বীকার করবেন। খ) বর্ণিত বিষয়টি কার্যক্রম শুরু হয়েছে মর্মে ৩ দিনের মধ্যে ই-মেইলের মাধ্যমে জানাবেন। গ) ১০ দিনের মধ্যে কার্যক্রম শেষ না হলে তার কারণ জানিয়ে আবেদনকারীকে ই-মেইল করে জানাবেন। উপসচিব (সমবায়, প্রশাসন) হতে নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ
ধাপ-৫	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): নথিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)-এর নিকট প্রেরণ করেন।	ধাপ-৫	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): সিদ্ধান্ত অনুমোদনের জন্য সচিব মহোদয়ের নিকট প্রেরণ করেন।

ধাপ-৬	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন): নথিতে উপস্থাপন ও সিদ্ধান্ত অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ করেন।	ধাপ-৬	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত অনুমোদনের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট প্রেরণ করবেন।
ধাপ-৭	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): সিদ্ধান্ত অনুমোদনের জন্য সচিব মহোদয়ের নিকট প্রেরণ করেন।	ধাপ-৭	প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত অনুমোদন প্রদানপূর্বক সচিব মহোদয়ের নিকট প্রেরণ করবেন।
ধাপ-৮	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত অনুমোদনের জন্য প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট প্রেরণ করেন।	ধাপ-৮	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)-এর নিকট প্রেরণ করবেন।
ধাপ-৯	প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত অনুমোদন প্রদানপূর্বক সচিব মহোদয়ের নিকট প্রেরণ করেন।	ধাপ-৯	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন): সকল কার্যাদি সমন্বয় করে গৃহিত কার্যক্রমের বিষয়টিই-মেইলে আবেদনকারী কর্মকর্তাকে অবহিতকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ।
ধাপ-১০	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ: সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)-এর নিকট প্রেরণ করেন।		
ধাপ-১১	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট): সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন)-এর নিকট প্রেরণ করেন।		
ধাপ-১২	সংশ্লিষ্ট শাখার উপসচিব (সমবায়, প্রশাসন): গৃহিত কার্যক্রমের বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর মহোদয়কে অবগতকরণ।		
ধাপ-১৩	নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর: বিভাগীয় কার্যালয়-কে অবগতকরণ		
ধাপ-১৪	বিভাগীয় কার্যালয়: সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবগতকরণ।		

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	৩০ দিন	১৫ দিন
খরচ (নাগরিক ও অফিসের)		
যাতায়াত		
ধাপ	১৪ টি	০৯ টি
জনবল	৮-১০ জন	৬-৭ জন
দাখিলীয় কাগজপত্র		

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সেবা সহজিকরণের নাম: বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে সভা/ সেমিনার/ কর্মশালায় কর্মকর্তা মনোনয়ন

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে প্রতিদিনই বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে সভা/ সেমিনার/ কর্মশালায় প্রতিনিধি মনোনয়নপূর্বক প্রেরণ করা হয়ে থাকে। দ্রুততার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/ প্রতিনিধি/ ফোকাল পয়েন্টকে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের সভা/ সেমিনার/ কর্মশালায় প্রতিনিধি হিসেবে মনোনয়নপূর্বক প্রেরণ করা প্রয়োজন। তাই এই সেবাটি সহজিকরণ করার যৌক্তিকতা রয়েছে।

বিদ্যমান সেবা পদ্ধতিতে সভা/সেমিনার সংক্রান্ত পত্রটি সচিব মহোদয়ের অবগতির পর সংশ্লিষ্ট শাখায় পৌঁছে সংশ্লিষ্ট কর্মকর্তা বা ফোকাল পয়েন্ট কর্মকর্তা চূড়ান্ত হওয়া পর্যন্ত ১১ টি ধাপে ৫.৭৫ দিন লাগে। দ্রুততার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা বা ফোকাল পয়েন্টকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সভা/সেমিনার/কর্মশালায় প্রতিনিধি হিসেবে মনোনয়ন পূর্বক প্রেরণ করার লক্ষ্যে এই সেবাটি সহজিকরণ করা হচ্ছে। সেবাটি সহজিকরণ করা হলে ৪ ধাপে ১ দিনেই এই সেবা দেয়া সম্ভব।

১। সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি:


ক্র.নং	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে প্রতিদিনই বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগে সভা/ সেমিনার/ কর্মশালায় প্রতিনিধি মনোনয়নপূর্বক প্রেরণ করা হয়ে থাকে। বিদ্যমান সেবা পদ্ধতিতে সভা/ সেমিনার সংক্রান্ত পত্রটি সচিব মহোদয়ের অবগতির পর সংশ্লিষ্ট শাখায় পৌঁছে সংশ্লিষ্ট কর্মকর্তা বা ফোকাল পয়েন্ট কর্মকর্তা চূড়ান্ত হওয়া পর্যন্ত ১১টি ধাপে ৫.৭৫ দিন লাগে। দ্রুততার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা বা ফোকাল পয়েন্টকে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের সভা/ সেমিনার/ কর্মশালায় প্রতিনিধি হিসেবে মনোনয়নপূর্বক প্রেরণ করার লক্ষ্যে এই সেবাটি সহজিকরণ করা হচ্ছে। সেবাটি সহজিকরণ করা হলে ৪ ধাপে ১ দিনেই এই সেবা দেয়া সম্ভব।
৩.	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	৫০০
৪.	সেবা প্রাপ্তির শর্তাবলী	প্রযোজ্য নয়
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	উপসচিব (প্রশাসন-৩)
৬.	সেবা প্রাপ্তির সময়	অফিসকালীন সময়

ক্র. নং	বিষয়	তথ্যাদি
৭.	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজ্য নয়
৮.	সেবা প্রাপ্তির খরচ	প্রয়োজ্য নয়
৯.	সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	প্রয়োজ্য নয়
১০.	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা/ চ্যালেঞ্জসমূহ	ফোকাল পয়েন্ট কর্মকর্তার অনুপস্থিতি।

২। বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সংম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	সভা/ সেমিনার/ কর্মশালার পত্র গ্রহণ।	১/৪ দিন	গ্রহণ প্রেরণ শাখা
ধাপ-২	সচিবের দপ্তরে প্রেরণ	১/৪	অফিস সহায়ক
ধাপ-৩	গ্রহণ ও সচিবের নিকট উপস্থাপন	১/৪	ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৪	সচিবের দপ্তর হতে অতিরিক্ত সচিব (প্রশাঃ) এর নিকট প্রেরণ	১	অফিস সহায়ক
ধাপ-৫	গ্রহণ ও অতিরিক্ত সচিব (প্রশাঃ) এর নিকট উপস্থাপন	১/৪	ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৬	অতিরিক্ত সচিব (প্রশাঃ) এর দপ্তর হতে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ	১/৪	অফিস সহায়ক
ধাপ-৭	গ্রহণ ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার নামসহ অনুমোদনের জন্য উপস্থাপন।	২	প্রশাসনিক কর্মকর্তা
ধাপ-৮	চূড়ান্ত অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট উপস্থাপন	১/৪	শাখা কর্মকর্তা
ধাপ-৯	অনুমোদনপূর্বক পত্রজারির জন্য প্রশাসন-৩ অধিশাখায় ফেরত প্রদান।	১/২	ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-১০	পত্রজারি	১/২	শাখা কর্মকর্তা
ধাপ-১১	সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট বা মনোনীত কর্মকর্তার নিকট বিতরণ।	১/৪	অফিস সহায়ক

৩। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)




৪। বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা:

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র, তথ্য/ উপাত্ত/ ফরম/ ফরমেট/ প্রত্যয়নপত্র/ রিপোর্ট/ রেজিস্টার ইত্যাদি	সভা/ সেমিনার/ কর্মশালার চিঠি	সভা/ সেমিনার/ কর্মশালার চিঠি
২। আবেদন দাখিল সংক্রান্ত	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
৩। সেবার ধাপ	১১	৪
৪। নির্ভরশীলতা	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
৫। বিধি/আইন/প্রজ্ঞাপন ইত্যাদি	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
৬। রেকর্ড/তথ্য উপাত্ত সংরক্ষণ	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
৭। অন্যান্য	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

৫। প্রস্তাবিত সেবা পদ্ধতি বিশ্লেষণ

প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সংস্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	সভা/সেমিনার/কর্মশালার পত্র গ্রহণ।	১/৪ দিন	গ্রহণ প্রেরণ শাখা
ধাপ-২	সচিবের দপ্তরে প্রেরণ	১/৪ দিন	অফিস সহায়ক
ধাপ-৩	সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার মনোনয়নসহ প্রশাসন- ৩ অধিশাখায় প্রেরণ	১/৪ দিন	ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৪	প্রশাসন-৩ অধিশাখা হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ মনোনীত কর্মকর্তার নিকট পত্রের কপি প্রেরণ ও অতিরিক্ত সচিব (প্রশাসন) কে অবহিতকরণ।	১/৪ দিন	অফিস সহায়ক



৬। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	সভা/ সেমিনার/ কর্মশালার পত্র গ্রহণ।	ধাপ-১	সভা/ সেমিনার/ কর্মশালার পত্র গ্রহণ।
ধাপ-২	সচিবের দপ্তরে প্রেরণ	ধাপ-২	সচিবের দপ্তরে প্রেরণ
ধাপ-৩	গ্রহণ ও সচিবের নিকট উপস্থাপন	ধাপ-৩	সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার মনোনয়নসহ প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ
ধাপ-৪	সচিবের দপ্তর হতে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট প্রেরণ	ধাপ-৪	প্রয়োজন নাই।
ধাপ-৫	গ্রহণ ও অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট উপস্থাপন	ধাপ-৫	প্রয়োজন নাই।
ধাপ-৬	অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর হতে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ	ধাপ-৬	প্রয়োজন নাই।
ধাপ-৭	গ্রহণ ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার নামসহ অনুমোদনের জন্য উপস্থাপন।	ধাপ-৭	প্রয়োজন নাই।
ধাপ-৮	চূড়ান্ত অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নিকট উপস্থাপন	ধাপ-৮	প্রয়োজন নাই।
ধাপ-৯	অনুমোদনপূর্বক পত্রজারির জন্য প্রশাসন-৩ অধিশাখায় ফেরত প্রদান।	ধাপ-৯	প্রয়োজন নাই।
ধাপ-১০	পত্রজারি	ধাপ-১০	প্রয়োজন নাই।
ধাপ-১১	সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট বা মনোনীত কর্মকর্তার নিকট বিতরণ।	ধাপ-১১	প্রশাসন-৩ অধিশাখা হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ মনোনীত কর্মকর্তার নিকট পত্রের কপি প্রেরণ ও অতিরিক্ত সচিব (প্রশাসন) কে অবহিতকরণ।

৭। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৫/৩/৪ দিন	১ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	-	-
যাতায়াত	-	-
ধাপ	১১	৪
জনবল	১২	৪
দাখিলীয় কাগজপত্র	-	-

খাদ্য মন্ত্রণালয়

(ক) সেবা সহজিকরণের নাম: অনলাইন এসিআর ফর্ম

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

খাদ্য মন্ত্রণালয়ে ইনোভেশন কর্মসূচীর আওতায় ACR Digitization (Development of Annual Confidential Report Management System) নাম সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। বর্ণিত সিস্টেমের মাধ্যমে সকল পর্যায়ের (১ম থেকে ১৬তম গ্রেডের) কর্মকর্তা/কর্মচারী Online এ তাঁর বার্ষিক গোপনীয় অনুবেদন জমা প্রদান করতে পারবেন। এতে কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে ACR অনুস্বাক্ষর বা প্রতি স্বাক্ষর না হওয়া, ACR এর অবস্থান সম্পর্কে অনুবেদনাধীন কর্মকর্তার অজ্ঞতা, ACR যে কোন পর্যায়ে নষ্ট অথবা হারিয়ে যাওয়ার আশংকা, সংরক্ষনকারী কর্তৃপক্ষ কর্তৃক ACR গ্রহণের বিষয়ে সংশ্লিষ্টদের নিকট তথ্যের অভাব, ACR সংশ্লিষ্ট তথ্যের অভাবে অনুবেদনাধীন কর্মকর্তার পদোন্নতি বা আর্থিক সুবিধা প্রাপ্তিতে বঞ্চনা ইত্যাদি সমস্যা থেকে অব্যাহতি লাভ করেন। এছাড়া এ সিস্টেম থেকে পদোন্নতি বা যে কোন প্রয়োজনে স্বল্প সময়ের নোটিশে যে কোন ধরনের রিপোর্ট প্রস্তুত করা যায়।

০২। ACR Digitization (Development of Annual Confidential Report Management System) সফটওয়্যারটি বাংলাদেশ সরকারের ই নথি সিস্টেমের সাথে API (Application Programming Interface) এর মাধ্যমে integration করা হয়েছে ফলে ই নথি ব্যবহারকারী যে কোন কর্মকর্তা/কর্মচারী অনুবেদন স্বাক্ষর, প্রতিস্বাক্ষরের জন্য যে কোন কর্মকর্তার নিকট প্রেরণ করতে পারেন।

০৩। বর্ণিত System ব্যবহারের জন্য খাদ্য মন্ত্রণালয়ের ৯০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং গত বছর মন্ত্রণালয়ের ৪৪ জন কর্মকর্তা/কর্মচারী সিস্টেমটি ব্যবহার করে এসিআর দাখিল করেছেন।


০৪। ACR সহজিকরণ লিঙ্ক: <http://103.48.18.142/acr/login>
<http://acr.mofood.gov.bd/>

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পূর্ণ ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	সংশ্লিষ্ট দপ্তরের সেবা শাখা থেকে ACR ফর্ম সংগ্রহ	১ দিন	নিজ
ধাপ-২	ACR form পূরণ	১ দিন	নিজ
ধাপ-৩	স্বাস্থ্য প্রতিবেদনের জন্য ডাক্তারের অ্যাপয়েনমেন্ট নেওয়া এবং ডাক্তারের নিকট যাওয়া	২ বা ততোধিক দিন	নিজ
ধাপ-৪	অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক ডাক্তারের প্রতিবেদনসহ যথাসময়ে অনুস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ACR দাখিল।	১ দিন	নিজ/ ডাক্তার
ধাপ-৫	অনুস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষর পূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ACR প্রেরণ।	১ দিন	নিজ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-৬	প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রতি স্বাক্ষরপূর্বক সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট ACR প্রেরণ।	১ মাস	প্রতিস্বাক্ষরকারী
ধাপ-৭	ACR- এ বিরূপ মন্তব্য থাকলে সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তাকে বিরূপ মন্তব্যের বিষয়ে ব্যাখ্যা তলব, প্রাপ্ত ব্যাখ্যা সন্তোষজনক হলে বিরূপ মন্তব্য অপনোদন বা সন্তোষজনক না হলে অনুবেদনাধীন কর্মকর্তার ডোশিয়ারে বিষয়টি লিপিবদ্ধকরণ।	১ মাস	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
ধাপ-৮	চূড়ান্ত প্রতিবেদন যাচায়ত কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ	৭ দিন	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	১। হার্ডকপিতে ফর্মপূরণ ২। সঠিক সময়ে হার্ডকপি ফর্ম পাওয়া যায় না	১। অনলাইনে ফর্ম পূরণ ২। যেকোন সময় অনলাইনে পূরণ করা যায়
২। দাখিলীয় কাগজ পত্রাদি	১। ACR Form ও স্বাস্থ্যগত প্রতিবেদন হাতে লিখতে হয় ২। ডাক্তারের সময় পাওয়া যায়না	১। সহজে অনলাইনে ACR Form ফর্ম পূরণ করা যায় ২। স্বাস্থ্যগত প্রতিবেদন অনলাইনে ডাক্তারের কাছ থেকে পাওয়া যায়
৩। সেবার ধাপ	৮	৮
৪। সম্পূর্ণ জনবল	৫ জন	১ জন
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	৫ জন	৫ জন
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	-	-
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	-	-
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	-	-
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	নষ্ট বা হারিয়ে যেতে পারে	নিরাপদে ডেটাবেইজে সুরক্ষিত থাকে
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	না	হ্যাঁ
১১। খরচ (নাগরিক+অফিস)	টাকা ৫০০.০০	টাকা ০.০০
১২। সময় (নাগরিক+অফিস)	৩/৪ মাস	৫ দিন
১৩। যাতায়াত (নাগরিক)	২ বা ততোধিকবার	১ বার বা নাও লাগতে পারে
১৪। অন্যান্য	-	-

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	ACR form সংগ্রহ	ধাপ-১	অনলাইনে ACR form সর্বদা সংরক্ষিত থাকে
ধাপ-২	বিদ্যমান ACR form পূরণ	ধাপ-২	অনলাইনে অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক Online ACR form পূরণ
ধাপ-৩	অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক ডাক্তারের প্রতিবেদন সহ যথাসময়ে অনুস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ACR দাখিল।	ধাপ-৩	অনলাইনে সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্মকর্তার নিকট প্রেরণ অথবা, স্বাস্থ্যগত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সফটওয়্যারে আপলোড
ধাপ-৪	অনুস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট ACR প্রেরণ।	ধাপ-৪	অনলাইনে অনুস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ
ধাপ-৫	প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরপূর্বক সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট ACR প্রেরণ।	ধাপ-৫	অনলাইনে ACR অনুস্বাক্ষরক্রমে ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ
ধাপ-৬	ACR প্রতিস্বাক্ষর ও সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ	ধাপ-৬	অনলাইনে ACR প্রতিস্বাক্ষর ও সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ
ধাপ-৭	ACR- এ বিরূপ মন্তব্য থাকলে সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তাকে বিরূপ মন্তব্যের বিষয়ে ব্যাখ্যা তলব, প্রাপ্ত ব্যাখ্যা সন্তোষজনক হলে বিরূপ মন্তব্য অপনোদন বা সন্তোষজনক না হলে অনুবেদনাধীন কর্মকর্তার ডোশিয়ারে বিষয়টি লিপিবদ্ধকরণ।	ধাপ-৭	বিরূপ মন্তব্য থাকলে অনুবেদনাধীন কর্মকর্তাকে ব্যাখ্যা তলব
ধাপ-৮	চূড়ান্ত প্রতিবেদন যাথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ	ধাপ-৮	সহজে ও নিরাপদে ডেটাবেইজে সুরক্ষিত থাকে

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৩/৪ মাস	২১ দিন
খরচ (নাগরিক ও অফিসের)		-
যাতায়াত	২ বা ততোধিকবার	১ বার বা নাও লাগতে পারে
ধাপ		
জনবল	বিদ্যমান	বিদ্যমান
দাখিলীয় কাগজপত্র	ACR ফর্ম	অনলাইন ACR ফর্ম

ACR সহজীকরণ লিঙ্কঃ <http://103.48.18.142/acr/login>

খাদ্য মন্ত্রণালয়

(খ) সেবা সহজিকরণের নাম: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের হটলাইন সেবা ৩৩৩ চালু

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

খাদ্যে ভেজালকারীদের ধরতে ৭ নভেম্বর ২০১৯ হটলাইন চালু করেছে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। দেশের যে কোন স্থান থেকে ভেজাল খাদ্য উৎপাদন, সরবরাহ ও মজুদ দেখলেই ৩৩৩ নম্বরে অভিযোগ করতে এবং নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে তথ্য জানতে পারে। অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে তথ্য যাচাই-বাছাই করে যত দূর সম্ভব কর্তৃপক্ষ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়। সরকারের এটুআই প্রকল্পের আওতায় হটলাইনটি চালু করলেও আগামীতে কর্তৃপক্ষের নিজের অধীনে হটলাইন খোলার পরিকল্পনা নেয়া হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় হটলাইনটি নিজস্ব কল সেন্টারের মাধ্যমে পরিচালিত হবে।

বিজ্ঞানসম্মত পদ্ধতির যথাযথ অনুশীলনের মাধ্যমে নিরাপদ খাদ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করতে হবে। দেশের নাগরিকের জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করতে বাংলাদেশ জাতীয় সংসদে ২০১৩ সালের ১০ অক্টোবর 'নিরাপদ খাদ্য আইন- ২০১৩' অনুমোদন করে সরকার। এ জন্য খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুত, সরবরাহ, বিপণন ও বিক্রি সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে সহযোগিতা প্রদান এবং নিয়ন্ত্রণ করার লক্ষ্যে ২০১৫ সালের ১ ফেব্রুয়ারি কার্যকর হয় এবং ২ ফেব্রুয়ারি একটি জাতীয় বিধিবদ্ধ সংস্থা হিসেবে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গঠিত হয়। আইনের আলোকে উৎকৃষ্ট উপায়ে খাবার সব সময় এবং সবার জন্য সর্বোচ্চ সুরক্ষায় ও স্বাস্থ্যসম্মতভাবে পৌঁছানো এ কর্তৃপক্ষের অন্যতম দায়িত্ব, যা উৎপাদন থেকে শুরু খাবার টেবিল পর্যন্ত খাদ্যকে নিরাপদ রাখতে কাজ করে সংস্থাটি।

৩৩৩ হটলাইন নম্বর এর সাথে যুক্ত হওয়ার পূর্বে অভিযোগ প্রদানের জন্য সংশ্লিষ্ট অফিসে উপস্থিত হয়ে ফর্ম পূরণ করতে হতো। এর ফলে ভোক্তার সময় ও অর্থ (TCV) ব্যয় হতো। বর্তমানে হটলাইন নম্বর ৩৩৩ এর মাধ্যমে অভিযোগ করতে সেই সময় ও অর্থ (TCV) সাশ্রয় হচ্ছে। ভোক্তা কলসেন্টারে অভিযোগ করলে তা লিপিবদ্ধ করে বিএফএসএ-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট এসএমএস এর মাধ্যমে জানানো হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগের ধরন যাচাইপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেন। কর্তৃপক্ষ সেই অভিযোগ তদন্তের জন্য সংশ্লিষ্ট জেলার নিরাপদ খাদ্য অফিসার-কে নির্দেশ প্রদান করেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হলে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়।

হটলাইন নম্বর ৩৩৩ এর সাথে যুক্ত হওয়ায় ভোক্তার অভিযোগ সরাসরি গ্রহণ করা যাচ্ছে এবং জনসচেতনতা ও আস্থা বৃদ্ধি পেয়েছে। অনিরাপদ খাদ্য ব্যবসায়ীদের বিরুদ্ধেও অধিক পদক্ষেপ নেওয়া সম্ভব হচ্ছে। জানুয়ারি ২০২১ থেকে এ পর্যন্ত ২০টি অভিযোগ পাওয়া গেছে, তন্মধ্যে ০৮টি নিষ্পত্তি হয়েছে।


ধাপ সমূহ:

- ১। হটলাইন নম্বর ৩৩৩-তে প্রাপ্ত অভিযোগসমূহ কল সেন্টার কর্তৃক বিস্তারিত লিপিবদ্ধ করা হয়।
- ২। কল সেন্টার থেকে এসএমএস এর মাধ্যমে বিএফএসএর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে জানানো হয়।
- ৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগের ধরন যাচাইপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেন। পরবর্তীতে পরিচালক (এনফোর্সমেন্ট) কর্তৃক সংশ্লিষ্ট জেলার নিরাপদ খাদ্য অফিসার-কে তদন্তের নির্দেশনা প্রদান করেন।
- ৪। ০৭ কর্মদিবসের মধ্যে তদন্ত রিপোর্ট প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। তদন্ত রিপোর্টের ভিত্তিতে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ৫। অভিযোগ নিষ্পত্তি হলে প্রতি মাসে মন্ত্রণালয়ে রিপোর্ট প্রেরণ করা হয়।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	নির্দিষ্ট ফরমে অভিযোগের লিখিত আবেদন করা	১ দিন	অভিযোগ বক্স, অফিস সহকারী
ধাপ-২	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রেরণ	২ দিন	সিনিয়র সহকারী সচিব
ধাপ-৩	অভিযোগ তদন্ত করা	৩ দিন	নিরাপদ খাদ্য পরিদর্শক
ধাপ-৪	যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুমোদন	৩ দিন	১. চেয়ারম্যান, বিএফএসএ ২. যুগ্ম সচিব (সদস্য)
ধাপ-৫	ব্যবস্থা গ্রহণ করা	৩ দিন	১. নিরাপদ খাদ্য পরিদর্শক ২. নির্বাহী ম্যাজিস্ট্রেট
ধাপ-৬	অভিযোগকারীকে জানানো (লিখিতভাবে)	২ দিন	১. সিনিয়র সহকারী সচিব ২. অফিস সহকারী


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ:



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	১. নির্ধারিত আবেদন ফরম সংগ্রহে অফিসে যোগাযোগ করতে হয় ২. ফরম পূরণে সমস্যা হয় ৩. সংশ্লিষ্ট ডকুমেন্ট সাথে দিতে হয়	অনলাইন আবেদন
২। দাখিলীয় কাগজপত্রাদি	১. নির্ধারিত ফরমে আবেদন ২. জাতীয় পরিচয় পত্র ৩. নাগরিকত্ব সনদ	আবেদনের সফ্ট কপি, কাগজ নথি
৩। সেবার ধাপ	৫ টা ধাপ	৩ টা
৪। সম্পূর্ণ জনবল	২ জন কর্মচারী	২ জন
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	সিনিয়র সহকারী সচিব, যুগ্ম সচিব, চেয়ারম্যান	ই-ফাইল এ হয়
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	১০০%	১০০%, তবে ই-ফাইল এ হয়
৭। আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	৭টি	৭টি
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	অফিস কক্ষ ১টি, জনবল- ২জন, অফিস ফার্নিচার	অফিস কক্ষ, কম্পিউটার, জনবল-২
৯। রেকর্ড/তথ্য সংরক্ষণ	ফাইল সিস্টেম	কম্পিউটার + ইন্টারনেট
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কি না	-প্রযুক্তি প্রয়োগ করা আবশ্যিক	সকল কর্মকর্তা ও কর্মচারী ই- ফাইল এর মাধ্যমে
১১। খরচ (নাগরিক+অফিস)	যাতায়াত খরচ+ফরম ক্রয়+ নির্ধারিত ফি প্রদান, অফিস ব্যবস্থাপনা খরচ	নাগরিক: খরচ কমবে অফিস: খরচ কমবে
১২। সময় (নাগরিক+অফিস)	নাগরিক: ২ থেকে ১০ দিন অফিস: ২ থেকে ১০ দিন	সময় কমবে
১৩। যাতায়াত (নাগরিক)	যাতায়াত ব্যয় বেশি	যাতায়াত কমবে
১৪। অন্যান্য	সহজে সেবা পাবে	ভোক্তা আস্থা পাবে

৪) প্রস্তাবিত প্রসেস ম্যাপ:





Dial **333**

Get Information, Give Information
Anywhere, Anytime

YOU ARE JUST
ONE CALL AWAY

৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	নির্ধারিত ফরমে অভিযোগ গ্রহণ	ধাপ-১	অনলাইনে অভিযোগ গ্রহণ
ধাপ-২	সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ	ধাপ-২	যথাযথ কর্তৃপক্ষ প্রেরণ
ধাপ-৩	পদক্ষেপ গ্রহণের অনুমোদন গ্রহণ	ধাপ-৩	কার্যকর পদক্ষেপ গ্রহণ
ধাপ -৪	ব্যবস্থা গ্রহণ		

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	১৪ দিন	৩দিন
খরচ (নাগরিক ও অফিসের)	৩০০০ টাকা	কমবে
যাতায়াত	২ দিন	নাই
ধাপ	৫	৩
জনবল	৬	২
দাখিলীয় কাগজপত্র	আবেদন, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব	নাই

খাদ্য মন্ত্রণালয়

(গ) সেবা সহজিকরণের নাম: ময়দাকল তালিকাভুক্তি অনুমোদন সেবা সহজিকরণ

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

বিদ্যমান পদ্ধতিতে তালিকাভুক্তির জন্য মিল মালিক মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করেন। মহাপরিচালক কর্তৃক স্ব স্ব এলাকায় ময়দাকল তদন্ত ও পেষণ ক্ষমতা যাচাই কমিটির নিকট ময়দাকলটির তদন্ত ও পেষণ ক্ষমতা যাচাইয়ের জন্য পত্র প্রেরণ করেন। ময়দাকল যাচাই কমিটি সরেজমিনে তদন্তকরণ, যাচাইকরণ ও পেষণ ক্ষমতা নির্ধারণ করে তদন্ত প্রতিবেদন মহাপরিচালকের নিকট প্রেরণ করেন। মহাপরিচালক পরবর্তীতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেন। সচিব মহোদয়ের অনুমোদন প্রাপ্তির পরে বিষয়টি পত্রের মাধ্যমে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে জানিয়ে দেয়া হয়। পরবর্তীতে ময়দা মিলটি তালিকাভুক্ত করার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রককে পত্র প্রেরণ করা হয়। এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ময়দা মিল তালিকাভুক্ত করা হয়। বিদ্যমান পদ্ধতিতে সুনির্দিষ্ট কোন প্রজ্ঞাপন ছিলো না। দাখিলীয় কাগজপত্রাদি সুনির্দিষ্ট করা ছিলো না। ঢাকায় অবস্থিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর আবেদন করা হয়। সরকারি ফি ৫০০০ টাকা এবং নাগরিকের সরকারি খরচের বাহিরে ব্যক্তিগত প্রায় ১০,০০০ টাকা খরচ করতে হতো। প্রায় ১৮০ দিন সময় লাগতো আর প্রায় ২০ বার মিল মালিককে বিভিন্ন অফিসে যাতায়াত করতে হতো।


প্রস্তাবিত পদ্ধতিতে দাখিলীয় কাগজপত্র সুনির্দিষ্ট করে দেয়া হয়েছে এবং পরিপত্র ইতোমধ্যে জারি করা হয়েছে। স্ব স্ব জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে বলা হয়েছে। দাখিলীয় কাগজপত্র সুনির্দিষ্ট করে দেয়া হয়েছে। জনবল ১০ জন করার প্রস্তাব করা হয়েছে। সরকারি ফি ৫০০০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। নাগরিকের ব্যক্তিগত খরচ প্রায় ১০০০ টাকা হতে পারে। ৪৫দিন সময় লাগবে আর প্রায় ৫ বার মিল মালিককে বিভিন্ন অফিসে যাতায়াত করতে হবে।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
বিদ্যমান ধাপ-১	মিল মালিক মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করেন।	১ ঘণ্টা	মহাপরিচালক, ব্যক্তিগত কর্মকর্তা।
বিদ্যমান ধাপ-২	মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্ব স্ব এলাকায় ময়দাকল তদন্ত ও পেষণ ক্ষমতা যাচাই কমিটির নিকট ময়দাকলটির তদন্ত ও পেষণ ক্ষমতা যাচাইয়ের জন্য পত্র প্রেরণ করেন।	৩০ দিন	মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, উপপরিচালক, সহকারি পরিচালক, প্রশাসনিক কর্মকর্তা, টাইপিষ্ট, এমএলএসএস
বিদ্যমান ধাপ-৩	ময়দাকল যাচাই কমিটি সরেজমিনে তদন্তকরণ, যাচাইকরণ ও পেষণ ক্ষমতা নির্ধারণ করে তদন্ত প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করেন।	৬০ দিন	সংশ্লিষ্ট বিভাগের সাইলো অধিক্ষক, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী এবং সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক, প্রশাসনিক কর্মকর্তা, টাইপিষ্ট
বিদ্যমান ধাপ-৪	মহাপরিচালক পরবর্তীতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেন।	৩০ দিন	মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, উপপরিচালক, সহকারি পরিচালক, প্রশাসনিক কর্মকর্তা, টাইপিষ্ট, এমএলএসএস

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
বিদ্যমান ধাপ-৫	সচিব মহোদয়ের অনুমোদন প্রাপ্তির পরে বিষয়টি পত্রের মাধ্যমে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে জানিয়ে দেওয়া হয়।	৩০ দিন	সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, সিনিয়র সহকারি সচিব, সহকারি সচিব, প্রশাসনিক কর্মকর্তা, টাইপিষ্ট, এমএলএসএস
বিদ্যমান ধাপ-৬	পরবর্তীতে ময়দা মিলটি তালিকাভুক্ত করার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকে পত্র প্রেরণ করা হয়।	১৫ দিন	মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, উপপরিচালক, সহকারি পরিচালক, প্রশাসনিক কর্মকর্তা, টাইপিষ্ট, এমএলএসএস
বিদ্যমান ধাপ-৭	জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ময়দামিল তালিকাভুক্ত করা হয়।	১৫ দিন	জেলা খাদ্য নিয়ন্ত্রক, টাইপিষ্ট, এমএলএসএস


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	বিদ্যমান পদ্ধতিতে কোন সমস্যা নেই।	-----
২। দাখিলীয় কাগজপত্রাদি	বিদ্যমান পদ্ধতিতে মন্ত্রণালয় কর্তৃক দাখিলীয় কাগজপত্রাদি সুনির্দিষ্ট করা ছিলো না।	প্রস্তাবিত পদ্ধতিতে দাখিলীয় কাগজপত্র সুনির্দিষ্ট করে দেওয়া হয়েছে।
৩। সেবার ধাপ	তালিকাভুক্তির জন্য বিদ্যমান পদ্ধতিতে ঢাকায় অবস্থিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে স্ব স্ব জেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে বলা হয়েছে।
৪। সম্পূর্ণ জনবল	বিদ্যমান পদ্ধতিতে ৩০ জন	প্রস্তাবিত পদ্ধতিতে ১০ জন করার প্রস্তাব করা হয়েছে।
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	বিদ্যমান পদ্ধতিতে ৩ জন। সচিব, মহাপরিচালক, জেলা খাদ্য নিয়ন্ত্রক	প্রস্তাবিত পদ্ধতিতে ১ জন করা হয়েছে। সচিব।
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	নাই	নাই
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	বিদ্যমান পদ্ধতিতে সুনির্দিষ্ট কোন প্রজ্ঞাপন ছিলো না।	প্রস্তাবিত পদ্ধতিতে পরিপত্র ইতোমধ্যে জারি করা হয়েছে।
৮। যাতায়াত	কৃষককে বীজ ক্রয় করার জন্য বিভিন্ন জায়গায় কয়েকবার যাতায়াত করতে হয়।	যেহেতু কৃষকের কাছে বীজ নিয়ে যাওয়া হবে তাই কৃষকের যাতায়াত সময় খরচ ও হয়রানি হয়না।
৯। খরচ	কৃষককে নিজ যাতায়াত ও বীজ পরিবহন খরচ বহন করতে হয়।	কৃষক আর্থিকভাবে লাভবান হবেন। কারণ তাঁর যাতায়াত ও বীজ পরিবহন খরচ লাগেনা।
১১। বিশেষজ্ঞ কর্তৃক পরামর্শ প্রদান ও কৃষকের সমস্যার সমাধান	কৃষক বিএডিসি'র অফিসে না আসলে তাকে কোন পরামর্শ প্রদান বা তাঁর সমস্যার সমাধান দেওয়া যায়না। বিদ্যমান ব্যবস্থায় কৃষকের বীজ সম্পর্কিত সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানে ব্যবস্থা গ্রহণের সুযোগ কম। কারণ কৃষকের সাথে বিএডিসির কর্মকর্তাদের মত বিনিময়ের সুযোগ কম।	কৃষকের সাথে মতবিনিময়ের সুযোগ থাকায় কৃষককে তাঁর সমস্যার সমাধান দেওয়ার সুযোগ বৃদ্ধি পায়। প্রস্তাবিত আইডিয়াটি কৃষকের বীজ সম্পর্কিত সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানে ব্যবস্থা গ্রহণে খুবই কার্যকরী ভূমিকা রাখবে। কারণ কৃষক এক্ষেত্রে সরাসরি তাদের সমস্যাগুলো বিএডিসির কর্মকর্তার নিকট তুলে ধরার সুযোগ পাবেন। তাদের সমস্যাগুলো লিপিবদ্ধ করা এবং সমাধান দেয়ার ব্যবস্থা করা হবে। কৃষকদের মতামত ও সুপারিশগুলি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট তুলে ধরা সহজ হবে।
১২। বিএডিসি'র খরচ, বীজ বিক্রয় পরিধি ও বীজের প্রচার প্রচারণা	বিদ্যমান পদ্ধতিতে বিএডিসি উপপরিচালক ও সিনিয়র সহকারী পরিচালক দপ্তরে জনবল ও শ্রমিক খরচ বহন করে। সরাসরি কৃষকের কাছে বীজ বিক্রি ও বীজ সংক্রান্ত প্রচারণার সুযোগ কম।	এক্ষেত্রে বিএডিসি'র বীজ বিক্রির পরিধি সরাসরি কৃষকের কাছে বীজ সংক্রান্ত প্রচারণার সুযোগ বৃদ্ধি পাবে। ট্রাকের তৈল জ্বালানী, বিশেষজ্ঞ সম্মানী ও শ্রমিক খরচ বাবদ কিছু খরচ প্রস্তাবিত পদ্ধতিতে বাড়বে কিন্তু কৃষকের সচেতনতা বৃদ্ধিতে এর সুদূরপ্রসারী প্রভাব অনেক বেশি হবে।
১৩। রেকর্ড ও তথ্য সংগ্রহ	কৃষকের বীজের চাহিদা ও সমস্যা সম্পর্কিত তথ্য সংগ্রহ অথবা বীজ সংক্রান্ত তাদের সুপারিশ গুলো রেকর্ড রাখা হয়না।	কৃষকের বীজের চাহিদা ও সমস্যা সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হবে এবং কৃষকদের মতামত ও সুপারিশগুলো উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট তুলে ধরা সহজ হবে।

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ:



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	বীজ বিতরণ বিভাগের কার্যক্রম	ধাপ-১	একই
ধাপ-২	সারাদেশে ২২টি অঞ্চলে বীজ বরাদ্দ	ধাপ-২	একই
ধাপ-৩	বিদ্যমান ব্যবস্থায় বীজ বিতরণের প্রসেস মাপে অঞ্চলওয়ারী বীজ বরাদ্দের পর অর্থাৎ ৩য় ধাপের পর আর ৩/৪ ধাপ পর কৃষক পর্যায়ে বীজ পৌঁছায়।	ধাপ-৩	প্রস্তাবিত সেবা সহজিকরণ আইডিয়ার বাস্তবায়নে জেলা পর্যায়ে বীজ বরাদ্দের পর অর্থাৎ ৩য় ধাপেই সরাসরি বীজগুলি ভ্রাম্যমাণ ট্রাকে কৃষকের কাছে নিয়ে যাওয়া হয়। বীজের সহজলভ্যতা বৃদ্ধি পায়।
ধাপ-৪	বিদ্যমান ব্যবস্থায় বীজ জেলা বা উপজেলা বীজ বিক্রয় কেন্দ্রে রাখা হয়। সারা দেশে মাত্র ১০০ টি বীজ বিক্রয় কেন্দ্র আছে। অথবা বিএডিসির বীজ ডিলার তার দোকানে ডিলারদের পছন্দ অনুযায়ী বীজ রাখেন। এক্ষেত্রে কৃষককে দূর-দুরান্ত থেকে বিক্রয় কেন্দ্রে বা ডিলারদের দোকানে আসতে হয়।	ধাপ-৪	এর প্রয়োজন নেই। প্রস্তাবিত আইডিয়ার বাস্তবায়নে কৃষককে সময় ও অর্থ খরচ করে বীজ ক্রয় করতে বিক্রয় কেন্দ্র আসতে হবে না। সরাসরি ভ্রাম্যমাণ বীজ বিক্রয় কেন্দ্র থেকে সুলভ মূল্যে বীজ কিনতে পারবেন।
ধাপ-৫	বিদ্যমান ব্যবস্থায় দেখা যায় অনেক কৃষক বিএডিসির ভালমানের বীজ ও সুলভ মূল্য সম্পর্কে ধারণা রাখেন না। অনেকে বিএডিসির অফিস বা বিক্রয় কেন্দ্র কোথায় জানেন না। ফলে বেশি দামে নিম্নমানের বীজ কিনে প্রতারণিত হন।	ধাপ-৫	বীজের জন্য সরকারি ভর্তুকি ও অন্যান্য সুবিধা সম্পর্কে কৃষককে অবহিত করা হবে। কৃষকের নিম্নমানের বীজ ক্রয় সম্ভাবনা কমা যাবে। প্রস্তাবিত ব্যবস্থায় আইডিয়ার বাস্তবায়নে ভালমানের বীজ, বীজের নতুন নতুন জাত ও চাষাবাদ পদ্ধতি এবং সরকারি ব্যবস্থাপনায় বীজের অন্যান্য সুবিধাসমূহ কৃষক সরাসরি পাবেন এবং প্রতারণিত হবেন না।
ধাপ-৬	ডিলারদের দোকান বা অন্য কোন কোম্পানির বীজ ক্রয়।	ধাপ-৬	কৃষকের বীজ ক্রয় সম্পর্কিত বিষয়ে অন্য কোথাও জেতে হবেনা।

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ ঘণ্টা)	৫-৭ থেকে ঘণ্টা সময় ব্যয় করে কৃষককে দর-দুরান্ত থেকে বীজ ক্রয় করতে আসতে হয়।	ভ্রাম্যমাণ ট্রাকে সরাসরি বীজ কৃষকের গ্রাম, পাড়া বা মহল্লায় নিয়ে যাওয়া হয়। ফলে কৃষক তাৎক্ষণিকভাবে ০১ ঘণ্টার মধ্যে বীজ ক্রয় করতে পারে।
খরচ (নাগরিক ও অফিসের)	নাগরিক তথা কৃষকের খরচ বেশী। কারণ কৃষককে নিজের যাতায়াত ও বীজের পরিবহন খরচ দিতে হয়।	কৃষকের কোন যাতায়াত ও বীজের পরিবহন খরচ দিতে হয় না। কিন্তু অফিসের ভ্রাম্যমাণ ট্রাকের তৈল জালানী ও শ্রমিক খরচ বৃদ্ধি পাবে।
যাতায়াত	চাহিদামত বীজ না পেলে কৃষককে ২-৩ বার বীজ বিক্রয় কেন্দ্র বা ডিলারের দোকানে যাতায়াত করতে হয়।	প্রতি সপ্তাহে ২ বার ভ্রাম্যমাণ ট্রাক কৃষকের চাহিদা অনুযায়ী বীজ নিয়ে তার দোরগোড়ায় যাবে। কৃষকের যাতায়াতের প্রয়োজন নাই।
ধাপ	২-৩ ধাপ পর বীজ কৃষকের কাছে পৌঁছায়।	সরাসরি কৃষকের কাছে বীজ পৌঁছাবে।
জনবল	বিদ্যমান জনবল বিক্রয় কেন্দ্রে অবস্থান করে থাকেন।	একই জনবল ভ্রাম্যমাণ ট্রাকে অবস্থান করবেন।
দাখিলীয় কাগজপত্র	বীজ বিক্রয়ের রেজিস্টার, ক্যাশমেমো ও লিফলেট বীজ বিক্রয়কেন্দ্রে থাকবে।	বীজ বিক্রয়ের রেজিস্টার, ক্যাশমেমো ও লিফলেট ভ্রাম্যমাণ ট্রাকে পরিবহন করা হবে এবং লিফলেট কৃষকদের মাঝে বিতরণ করা হবে।

জনপ্রশাসন মন্ত্রণালয়

সেবা সহজিকরণের নাম: সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার/ উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ

(ক) সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হিবাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

বিদ্যমান পদ্ধতিতে বর্হিবাংলাদেশ ছুটির আবেদন ম্যানুয়ালি করা হতো। আবেদনের গতিপথ ছিল জেলা প্রশাসক কার্যালয়, বিভাগীয় কমিশনার ও সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। ধাপ ছিল ০৩টি। ম্যানুয়ালি সময় লাগতো ২৮ দিন।

প্রস্তাবিত পদ্ধতিতে বর্হিবাংলাদেশ ছুটির আবেদন ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়। জেলা প্রশাসকের কার্যালয় আবেদন দাখিল করা হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয়কে অনুলিপি প্রদান করা হয়। জেলা প্রশাসকের কার্যালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন। সেবার ধাপ হবে ০২টি। ম্যানুয়াল পদ্ধতিতে ১৪ দিন। ই-নথিতে সময় লাগবে ০৮ দিন। সম্পূর্ণ জনবল হবে জেলা প্রশাসক ও সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

(খ) জেলা প্রশাসক/অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হিবাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

বিদ্যমান পদ্ধতিতে বর্হিবাংলাদেশ ছুটির আবেদন ম্যানুয়ালি করা হতো। সেবার ধাপ ছিল ০৪টি। সম্পূর্ণ জনবল বিভাগীয় কমিশনার, জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়।

প্রস্তাবিত পদ্ধতিতে বর্হিবাংলাদেশ ছুটির আবেদন ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগে মতামতের জন্য প্রেরণ। মন্ত্রিপরিষদ বিভাগ হতে মতামতসহ আবেদনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন। সেবার ধাপ ০৩টি। সম্পূর্ণ জনবল বিভাগীয় কমিশনার, মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

(ক) সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার/ উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পূর্ণ ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	জেলা প্রশাসকের কার্যালয়ে আবেদন দাখিল		আবেদনকারীগণ
ধাপ-২	আবেদন বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ		জেলা প্রশাসক
ধাপ-৩	আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ		বিভাগীয় কমিশনার
ধাপ-৪	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন		সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব


(খ) জেলা প্রশাসক/অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হিবাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	বিভাগীয় কমিশনারের কার্যালয়ে আবেদন দাখিল		আবেদনকারীগণ
ধাপ-২	আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেরণ		বিভাগীয় কমিশনার
ধাপ-৩	মতামতের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ		জনপ্রশাসন মন্ত্রণালয়
ধাপ-৪	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন		সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ:

(ক) সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার/ উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবার পূর্বের অবস্থা:

আবেদনের গতিপথ:



(খ) জেলা প্রশাসক/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবার পূর্বের অবস্থা:



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

(ক) সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার/ উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:


ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন		
২। দাখিলীয় কাগজপত্রাদি	বর্হি বাংলাদেশ ছুটির আবেদন ম্যানুয়ালি করা হতো।	বর্হি বাংলাদেশ ছুটির আবেদন ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়।
৩। সেবার ধাপ	০৩ টি	০২ টি
৪। সম্পৃক্ত জনবল	জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার ও সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	জেলা প্রশাসক ও সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি	০৩ জন। জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার ও সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।	০২ জন। জেলা প্রশাসক ও সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা		
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি		
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি		
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ		
১০। প্রযুক্তির প্রয়োগ প্রয়োজ্য কিনা	না	হ্যাঁ
১১। খরচ (নাগরিক+ অফিস)	বিনামূল্যে	বিনামূল্যে
১২। সময় (নাগরিক+ অফিস)	ম্যানুয়ালি ২৮ দিন	ই-নথিতে ৮ দিন
১৩। যাতায়াত (নাগরিক)		
১৪। অন্যান্য		

(খ) জেলা প্রশাসক/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:


ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন		
২। দাখিলীয় কাগজপত্রাদি	বর্হি বাংলাদেশ ছুটির আবেদন ম্যানুয়ালি করা হতো।	বর্হি বাংলাদেশ ছুটির আবেদন ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়।
৩। সেবার ধাপ	০৪টি	০৩টি
৪। সম্পৃক্ত জনবল	বিভাগীয় কমিশনার, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ	বিভাগীয় কমিশনার, মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি	০৩ জন। বিভাগীয় কমিশনার, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ।	০৩ জন। বিভাগীয় কমিশনার, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ।
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা		
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি		
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি		
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ		
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	না	হ্যাঁ
১১। খরচ (নাগরিক+ অফিস)	বিনামূল্যে	বিনামূল্যে
১২। সময় (নাগরিক+ অফিস)	ম্যানুয়ালি ৩৬-৩৮ দিন	৩০-৩২ দিন। ই-ফাইলে নিষ্পত্তির ক্ষেত্রে সময় আরো হ্রাস পাবে।
১৩। যাতায়াত (নাগরিক)		
১৪। অন্যান্য		

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ

(ক) সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার/ উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:



(খ) জেলা প্রশাসক/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণের প্রস্তাব:



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

(ক) সহকারী কমিশনার/ সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	জেলা প্রশাসকের কার্যালয়ে আবেদন দাখিল	ধাপ-১	জেলা প্রশাসকের কার্যালয় আবেদন দাখিল অনুলিপি: বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ
ধাপ-২	আবেদন বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ	ধাপ-২	জেলা প্রশাসকের কার্যালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ।
ধাপ-৩	আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	ধাপ-৩	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন।
ধাপ-৪	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন		

(খ) জেলা প্রশাসক/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	বিভাগীয় কমিশনারের কার্যালয়ে আবেদন দাখিল	ধাপ-১	বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগে মতামতের জন্য প্রেরণ।
ধাপ-২	আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেরণ	ধাপ-২	মন্ত্রিপরিষদ বিভাগ হতে মতামতসহ আবেদনটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ।
ধাপ-৩	মতামতের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	ধাপ-৩	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন
ধাপ-৪	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন		

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

(ক) সহকারী কমিশনার/সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/ অতিরিক্ত জেলা প্রশাসকগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	বিদ্যমান পদ্ধতিতে ২৮ দিন	ম্যানুয়াল পদ্ধতিতে ১৪ দিন ই-ফাইলে ০৮ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	বিনামূল্যে	বিনামূল্যে
যাতায়াত	-	-
ধাপ	০৪ টি ধাপ	০৩ টি ধাপ
জনবল	জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার ও জনপ্রশাসন মন্ত্রণালয়	জেলা প্রশাসক ও জনপ্রশাসন মন্ত্রণালয়
দাখিলীয় কাগজপত্র		

(খ) জেলা প্রশাসক/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও কমিশনারগণের জন্য বর্হি বাংলাদেশ ছুটি সেবা সহজিকরণ:

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	৩৬-৩৮ দিন	৩০-৩২ দিন। ই-ফাইলে নিষ্পত্তির ক্ষেত্রে সময় আরো হ্রাস পাবে।
খরচ (নাগরিক ও অফিসের)	বিনামূল্যে	বিনামূল্যে
যাতায়াত	-	-
ধাপ	২৮ টি ধাপ	২১ টি ধাপ
জনবল	বিভাগীয় কমিশনার, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগ	বিভাগীয় কমিশনার, মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়
দাখিলীয় কাগজপত্র		

সেতু বিভাগ

সেবা সহজিকরণের নাম: স্টোরের মালামাল স্বল্প সময়ে বরাদ্দ প্রদান

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

সেতু বিভাগের স্টোরে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী মজুত করে রাখা হয়। পরবর্তী সময়ে সেতু বিভাগে কর্মরত কোন ব্যক্তির কোন পণ্য সামগ্রীর প্রয়োজন হলে তিনি ডেসপাস হতে চাহিদাপত্র ফরম সংগ্রহ করে তার প্রয়োজনীয় পণ্যের জন্য আবেদন করেন। পরবর্তী ধাপে গ্রহীতা কর্তৃক (চাহিদাপত্র স্বাক্ষরপূর্বক) চাহিদাপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট প্রেরণ করা হয়। স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র গ্রহণ করে সেই চাহিদাপত্র অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়। পরবর্তীতে উপসচিব/ সিনিয়র সহকারী সচিব কর্তৃক চাহিদাপত্র অনুমোদন হবার পরে সেই অনুমোদনপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী নিকট প্রেরণ করা হয়। স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র সংরক্ষণ ও মালামাল সরবরাহ করে রেজিস্টারে এন্ট্রি করে রাখা হয়। সম্পূর্ণ বরাদ্দ প্রসেসে অনেকগুলো ধাপ(৯ টা) এবং যেকোনো পণ্য বরাদ্দ করতে অনুমোদনের প্রয়োজন থাকার জন্য প্রয়োজনীয় পণ্য পেতে আবেদনকারীর দীর্ঘ সময় অপেক্ষা করতে হতো। বরাদ্দ প্রসেস সহজতর করার জন্য সেতু বিভাগের ইনোভেশন টিমের সদস্যরা বরাদ্দ প্রসেস নিয়ে কাজ করা শুরু করেন এবং প্রসেসটির ধাপ কমিয়ে স্টোরের মালামাল স্বল্প সময়ে বরাদ্দ প্রদান করার জন্য সেবাটি সহজিকরণ করেন। সেতু বিভাগ ১৪/১০/২০২০ ইং তারিখ হতে এক অফিস আদেশের মাধ্যমে স্টোরের মালামাল স্বল্প সময়ে বরাদ্দ প্রদান শীর্ষক সেবাটি সহজিকরণের পাইলটিং কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হওয়ায় সেবাটি সেতু বিভাগের অধিক্ষেত্রে চূড়ান্তভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করে। স্টোরের মালামাল স্বল্প সময়ে বরাদ্দ প্রদান সেবাটি অধিক্ষেত্রে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করার ফলে বর্তমান সময়ে সেতু বিভাগের স্টোরের মালামাল স্বল্প সময়ে দক্ষতার সাথে বিতরণ করা সম্ভব হচ্ছে।

পূর্ববর্তী সময়ে স্টোরের মালামাল বিতরণ করার জন্য ৯ টা ধাপের প্রয়োজন ছিল। বর্তমান প্রসেস অনুসরণ করে মাত্র ৪ টা ধাপের মাধ্যমে ২০০ টাকা পর্যন্ত স্টোরের মালামাল বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছে। সেতু বিভাগের স্টোরের মালামাল বরাদ্দ রেজিস্টার বিশ্লেষণ করে দেখা গেছে যে, সাধারণত বেশিরভাগ মালামালের আবেদনই ২০০ টাকার নীচেই হয়ে থাকে(কলম, পেন্সিল, টিস্যুপেপার, পিন, খাম, কলমদানি, কাগজ ইত্যাদি)। কিন্তু দ্রুততার সাথে এইসকল মালামাল বরাদ্দ করা সম্ভব না হলে অফিসের যাবতীয় কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হতে পারে। পূর্ববর্তী প্রসেসে স্টোরের মালামাল বরাদ্দ করার কয়েকটি ধাপ ছিল অত্যন্ত সময়সাপেক্ষ যেমনঃ স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ, উপসচিব/ সিনিয়র সহকারী সচিব কর্তৃক চাহিদাপত্র অনুমোদন এবং অনুমোদনের পর স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী নিকট চাহিদাপত্র প্রেরণ। অনুমোদনকারী কর্মকর্তার ব্যস্ততা অথবা মিটিং/ ট্রেনিং সংক্রান্ত কাজে অফিসের বাহিরে থাকলে মালামাল বরাদ্দ করার কাজ মারাত্মকভাবে ব্যাহত হবার সুযোগ ছিল। ফলশ্রুতিতে এমনও দেখা গেছে যে বরাদ্দ প্রদানের প্রসেস জটিল এবং বেশি ধাপের হবার জন্য ৪-৫ টা কলম কিম্বা পিন স্টোরে মজুত থাকার পরেও জরুরী বিবেচনায় আবেদনকারী বাহিরে থেকে তার প্রয়োজনীয় উপাদান কিনে আনতেন। স্টোরের মালামাল পাবার জন্য আবেদনকারী লম্বা একটা সময় পর্যন্ত অপেক্ষা করতেন এবং পরবর্তী সময়ে তার অন্য কোন প্রয়োজন থাকলেও বরাদ্দ প্রসেস জটিলতার জন্য তিনি সেটা পরিহার করার চেষ্টা করতেন। বর্তমান সময়ে মাত্র ৪ টা ধাপের মাধ্যমে পূর্ববর্তী সময়সাপেক্ষ ধাপগুলো বর্জন করে খুব কম সময়ে ২০০ টাকার মূল্যমান পর্যন্ত নিত্যপ্রয়োজনীয় মালামাল বরাদ্দ করা সম্ভব হচ্ছে। ১ম ধাপে গ্রহীতা কর্তৃক শেয়ার ফোল্ডার হতে চাহিদাপত্র ফরম সংগ্রহ করা হচ্ছে যেখানে সময় লাগে ১-২ মিনিট। ২য় ধাপে গ্রহীতা কর্তৃক (চাহিদাপত্র স্বাক্ষরপূর্বক) চাহিদাপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট প্রেরণ করা হচ্ছে, সময় লাগে ৮-১০ মিনিট। ৩য় ধাপে পণ্যের বাজারমূল্য ২০০ টাকার অধিক না


হলে স্টোর এ থাকা সাপেক্ষে প্রয়োজন অনুসারে মালামাল সরবরাহ ও রেজিস্টারে এন্ট্রি করা হচ্ছে আনুমানিক ৬-৮ মিনিট সময়ের মধ্যে। যেকোনো প্রসেস সহজতর করার জন্য TCV (Time, Cost & Visit) অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যদি কোন প্রসেস সহজিকরন করার পরেও TCV ফলাফল আশাব্যঞ্জক না হয় তাহলে সেই প্রসেস কেউ গ্রহণ করতে আগ্রহ বোধ করেন না। কারণ প্রসেস সহজিকরন করার মূল উদ্দেশ্য হলো সময়, খরচ, ভ্রম সময় কম করে সেটা মানুষের জীবনকে আগের চেয়ে আরও সহজ করে ফেলা এবং মানুষও সেই প্রসেস গ্রহণ করবে নিজেদের সুবিধার জন্যই। TCV অনুসারে পূর্ববর্তী ও বর্তমান মালামাল বরাদ্দ করার পদ্ধতি বিশ্লেষণ করেও এই কথা প্রতীয়মান হয় যে সময়, ধাপ, যাতায়াত, জনবল বিবেচনা করে বর্তমান মালামাল বরাদ্দ করার পদ্ধতি অত্যন্ত যুগোপযোগী।

বর্তমান পদ্ধতিতে সময় লাগছে আনুমানিক ২০ মিনিট কিম্বা তারও কম অথচ পূর্ববর্তী পদ্ধতিতে অনেক দীর্ঘ সময়ের প্রয়োজন হতো যেকোনো পণ্য বরাদ্দ করার জন্য। বর্তমান বরাদ্দ প্রসেস নিয়ে সেতু বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মতামত নিয়ে তাদের ফিডব্যাক অত্যন্ত আশাব্যঞ্জক মনে হয়েছে। বর্তমান বরাদ্দ প্রসেসে তারা নিয়মিত তাদের প্রয়োজনীয় জিনিসপত্র স্টোরে থাকা সাপেক্ষে আবেদন করে তুলে নিচ্ছেন স্বল্পতম সময়ে। সেবা সহজিকরনের জন্য স্টোরের মালামাল স্বল্প সময়ে বরাদ্দ প্রদান সেবাটি সেতু বিভাগের স্টোর ম্যানেজমেন্ট সিস্টেমকে অনেক গতিশীল করেছে।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	গ্রহীতা কর্তৃক ডেসপাস হতে চাহিদাপত্র ফরম সংগ্রহ	১০ মিনিট	গ্রহীতা এবং ডেসপাস কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-২	গ্রহীতা কর্তৃক (চাহিদাপত্র স্বাক্ষরপূর্বক) চাহিদাপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট প্রেরণ।	২০ মিনিট	গ্রহীতা এবং স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৩	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র গ্রহণ।	৫ মিনিট	গ্রহীতা এবং স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৪	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ।	সময় সাপেক্ষ	অনুমোদনকারী কর্মকর্তা, স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৫	উপসচিব/ সিনিয়র সহকারী সচিব কর্তৃক চাহিদাপত্র অনুমোদন	সময় সাপেক্ষ	অনুমোদনকারী কর্মকর্তা।
ধাপ-৬	অনুমোদনের পর স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী নিকট চাহিদাপত্র প্রেরণ।	সময় সাপেক্ষ	অনুমোদনকারী কর্মকর্তা, স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৭	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র সংরক্ষণ ও মালামাল সরবরাহ।	২০ মিনিট	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৮	মালামাল সরবরাহের পর রেজিস্টারে এন্ট্রি।	১০ মিনিট	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৯	সমাপ্তি		

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ




৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির খাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	প্রচলিত পদ্ধতি অনুসারে ডেসপাস হতে চাহিদাপত্র সংগ্রহ করে সেটা পূরণ করে জমা দিতে হয়।	শেয়ার ফোল্ডার হতে চাহিদাপত্র সংগ্রহ করে প্রিন্ট করে জমা দিতে হবে।
২। দাখিলীয় কাগজপত্রাদি	চাহিদাপত্র	চাহিদাপত্র
৩। সেবার খাপ	চাহিদাপত্র পাবার পর সেটা অনুমোদনের জন্য (যেকোনো মূল্যের পণ্য) উপসচিব/ সিনিয়র সহকারী সচিবের অনুমোদনের প্রয়োজন হয়। অনুমোদনকারী কর্মকর্তা অনুপস্থিত অথবা মিটিং সংক্রান্ত কাজে ব্যস্ত থাকলে চাহিদাপত্র অনুমোদিত হয়ে আসতে অনেক লম্বা সময়ের প্রয়োজন হয় ক্ষেত্র বিশেষে।	২০০ টাকা পর্যন্ত মূল্যমানের চাহিদাপত্র অনুমোদনকারী কর্মকর্তা ব্যতীত (তাৎক্ষণিক অনুমোদন ছাড়াই) স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী সরবরাহ করে রেজিস্টারে এন্ট্রি করে রাখতে পারবেন। পরবর্তী সময়ে বাস্ক আকারে অনুমোদন দেয়া যেতে পারে।
৪। সম্পূক্ত জনবল	অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদন প্রয়োজন যেকোনো অল্প মূল্যের চাহিদাপত্র হলেও। অনুমোদনকারী কর্মকর্তা, স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী এই ক্ষেত্রে সম্পূক্ত জনবল।	২০০ টাকা পর্যন্ত মূল্যমানের চাহিদাপত্র অনুমোদনকারী কর্মকর্তা ব্যতীত (তাৎক্ষণিক অনুমোদন ছাড়াই) স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী সরবরাহ করে রেজিস্টারে এন্ট্রি করে রাখতে পারবেন। পরবর্তী সময়ে বাস্ক আকারে অনুমোদন দেয়া যেতে পারে।
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি	উপসচিব/ সিনিয়র সহকারী সচিব।	২০০ টাকা পর্যন্ত তাৎক্ষণিক অনুমোদনের প্রয়োজন নাই।
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	আছে।	২০০ টাকা পর্যন্ত তাৎক্ষণিক অনুমোদনের প্রয়োজন নাই।
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	প্রযোজ্য নয়।	প্রযোজ্য নয়।
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	প্রযোজ্য নয়।	প্রযোজ্য নয়।
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	প্রযোজ্য নয়।	প্রযোজ্য নয়।
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	আছে, প্রচলিত পদ্ধতি অনুসারে ডেসপাস হতে চাহিদাপত্র সংগ্রহ করে সেটা পূরণ করে জমা দিতে হয়।	শেয়ার ফোল্ডার হতে চাহিদাপত্র সংগ্রহ করে প্রিন্ট করে জমা দিতে হবে। চাহিদাপত্র ফরম সংগ্রহ করার জন্য ডেসপাস কর্মকর্তার উপর নির্ভরশীলতা কমবে।
১১। খরচ (নাগরিক+ অফিস)	প্রযোজ্য নয়।	প্রযোজ্য নয়।
১২। সময় (নাগরিক+ অফিস)	অনুমোদনকারী কর্মকর্তার অনুমোদন প্রদান করতে প্রয়োজনীয় সময়।	২০০ টাকা পর্যন্ত তাৎক্ষণিক অনুমোদনের প্রয়োজন নাই।
১৩। যাতায়াত (নাগরিক)	অনুমোদনকারী কর্মকর্তার দপ্তর পর্যন্ত যাতায়াত	২০০ টাকা পর্যন্ত তাৎক্ষণিক অনুমোদনের প্রয়োজন নাই।
১৪। অন্যান্য	প্রযোজ্য নয়।	প্রযোজ্য নয়।

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ (প্রস্তাবিত পদ্ধতি)

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	গ্রহীতা কর্তৃক শেয়ার ফোল্ডার হতে চাহিদাপত্র ফরম সংগ্রহ।	২ মিনিট	গ্রহীতা।
ধাপ-২	গ্রহীতা কর্তৃক (চাহিদাপত্র স্বাক্ষরপূর্বক) চাহিদাপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট প্রেরণ।	১০ মিনিট	গ্রহীতা এবং স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৩	পণ্যের বাজারমূল্য ২০০ টাকার অধিক না হলে স্টোর এ থাকা সাপেক্ষে প্রয়োজন অনুসারে মালামাল সরবরাহ ও রেজিস্টারে এন্ট্রি।	৮ মিনিট	গ্রহীতা এবং স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী।
ধাপ-৪	সমাপ্তি।		



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	গ্রহীতা কর্তৃক ডেসপাস হতে চাহিদাপত্র ফরম সংগ্রহ।	ধাপ-১	গ্রহীতা কর্তৃক শেয়ার ফোল্ডার হতে চাহিদাপত্র ফরম সংগ্রহ।
ধাপ-২	গ্রহীতা কর্তৃক (চাহিদাপত্র স্বাক্ষরপূর্বক) চাহিদাপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট প্রেরণ।	ধাপ-২	গ্রহীতা কর্তৃক (চাহিদাপত্র স্বাক্ষরপূর্বক) চাহিদাপত্র স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর নিকট প্রেরণ।
ধাপ-৩	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র গ্রহণ।	ধাপ-৩	পণ্যের বাজারমূল্য ২০০ টাকার অধিক না হলে স্টোর এ থাকা সাপেক্ষে প্রয়োজন অনুসারে মালামাল সরবরাহ ও রেজিস্টারে এন্ট্রি।
ধাপ-৪	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ।	ধাপ-৪	সমাপ্তি।
ধাপ-৫	উপসচিব/ সিনিয়র সহকারী সচিব কর্তৃক চাহিদাপত্র অনুমোদন।	ধাপ-৫	
ধাপ-৬	অনুমোদনের পর স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী নিকট চাহিদাপত্র প্রেরণ।	ধাপ-৬	
ধাপ-৭	স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী কর্তৃক চাহিদাপত্র সংরক্ষণ ও মালামাল সরবরাহ।	ধাপ-৭	
ধাপ-৮	মালামাল সরবরাহের পর রেজিস্টারে এন্ট্রি।	ধাপ-৮	
ধাপ-৯	সমাপ্তি।	ধাপ-৯	

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	সময় সাপেক্ষ	২০ মিনিট
খরচ (নাগরিক ও অফিসের)	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
যাতায়াত	অনুমোদনকারী কর্মকর্তার দপ্তর পর্যন্ত	২০০ টাকা পর্যন্ত পণ্য পেতে কোন তাৎক্ষণিক অনুমোদনের প্রয়োজন নাই। পরবর্তী সময়ে বাক্স আকারে অনুমোদন নেয়া যেতে পারে।
ধাপ	অনুমোদনকারী কর্মকর্তার দপ্তর পর্যন্ত	২০০ টাকা পর্যন্ত পণ্য পেতে কোন তাৎক্ষণিক অনুমোদনের প্রয়োজন নাই। পরবর্তী সময়ে বাক্স আকারে অনুমোদন নেয়া যেতে পারে।
জনবল	অনুমোদনকারী কর্মকর্তার দপ্তর পর্যন্ত অনুমোদন পেতে জনবল নিযুক্ত করে রাখার প্রয়োজন পড়ে।	অনুমোদন নেয়ার জন্য জনবলের কোন প্রয়োজন নাই।
দাখিলীয় কাগজপত্র	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

সেবা সহজিকরণের নাম: ই-অ্যাপয়েন্টমেন্ট

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

বিদ্যমান পদ্ধতিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা সভায় অংশগ্রহণ করার জন্য কর্মকর্তা মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করে থাকে। এ বিভাগ থেকে উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক মনোনয়ন পূর্বক মনোনীত কর্মকর্তাকে সভায় অংশগ্রহণের জন্য উক্ত পত্রটি (হার্ডকপি) প্রেরণ করা হয়। মনোনয়নকৃত কর্মকর্তা নির্ধারিত তারিখ ও সময়ে সভায় অংশগ্রহণ করে থাকেন। ফলে সময়, জনবল ও খরচ বেশী হয়। এছাড়াও কর্মকর্তা অফিসে উপস্থিত না থাকলে সভায় অংশগ্রহণের জন্য মনোনয়নকৃত পত্রটির হার্ডকপি কর্মকর্তার নিকট প্রেরণ করা সমস্যা হতো। ই-অ্যাপয়েন্টমেন্ট সফটওয়্যার চালু করার ফলে সময়, জনবল ও খরচ কম হচ্ছে।


সেবা সহজিকরণের ফলে সভায় অংশগ্রহণ করার জন্য কর্মকর্তা মনোনয়ন প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন হয়। এক্ষেত্রে সভায় অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন করে উক্ত কপিটি মোবাইলে ছবি তুলে pdf অথবা jpg ফাইল হিসাবে অ্যাপস অথবা সফটওয়্যারে আপলোড করে মনোনয়নকৃত কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়। মনোনয়নকৃত কর্মকর্তার যদি একই দিনে একাধিক সভা থাকে অথবা অসুস্থ থাকেন অথবা বিশেষ জরুরী প্রয়োজনে সভায় উপস্থিত হতে না পারেন তাহলে উক্ত ম্যাসেজ টি ডিসকার্ড/রিজেস্ট করতে পারবেন। মনোনয়নকৃত কর্মকর্তা মেসেজটি ডিসকার্ড/রিজেস্ট করলে মনোনয়নকারী কর্মকর্তার কাছে একটি ডিসকার্ড/রিজেস্ট মেসেজ যাবে (অ্যাপস অথবা মোবাইল ফোনের মাধ্যমে মেসেজটি যাবে)। ফলে মনোনয়নকারী কর্মকর্তা পুনরায় কর্মকর্তা মনোনয়ন করে একইভাবে মেসেজ প্রেরণ করবেন।

সেবাটি সহজিকরণের পূর্বে বিদ্যমান পদ্ধতিতে প্রক্রিয়াটি সম্পন্ন করতে ৪-৫ জন জনবলের প্রয়োজন হত। অনলাইনের মাধ্যমে প্রস্তাবিত পদ্ধতিতে ১-২ জন জনবলের মাধ্যমে বর্তমানে প্রক্রিয়াটি সম্পন্ন করা যায়।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ: ই-অ্যাপয়েন্টমেন্ট

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা সভায় অংশগ্রহণ করার জন্য কর্মকর্তা মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করে থাকে।	০১ দিন	এ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তাগণ
ধাপ-২	এ বিভাগ থেকে কর্মকর্তা মনোনয়ন দিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে উক্ত পত্রটি (হার্ডকপি) প্রেরণ করা হয়।	০২ দিন	এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মকর্তাগণ
ধাপ-৩	মনোনয়নকৃত কর্মকর্তা নির্ধারিত তারিখ ও সময়ে সভায় অংশগ্রহণ করে থাকেন।	০১ দিন	এ বিভাগের সংশ্লিষ্ট মনোনীত কর্মকর্তা
ধাপ-৪	এছাড়াও কোন কর্মকর্তা অসুস্থ হলে অথবা জরুরি বিশেষ প্রয়োজনে অত্র বিভাগে অনুপস্থিত থাকলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে মোবাইল ফোন বা অন্য কোন মাধ্যমে অবহিত করে থাকেন।	০১ দিন	এ বিভাগের সংশ্লিষ্ট মনোনীত কর্মকর্তা


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ:



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	প্রয়োজ্য নয়	প্রয়োজ্য নয়
২। দাখিলীয় কাগজপত্রাদি	প্রয়োজ্য নয়	প্রয়োজ্য নয়
৩। সেবার ধাপ	০৪ টি	০৪ টি
৪। সম্পূক্ত জনবল	০৬ জন	০১ জন
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি	০৫ জন	০১ জন
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	প্রয়োজ্য নয়	প্রয়োজ্য নয়
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	প্রয়োজ্য নয়	প্রয়োজ্য নয়
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	কম্পিউটার/ ল্যাপটপ/ প্রিন্টার প্রয়োজন	ইলেক্ট্রনিক্স ডিভাইস (মোবাইল/ ল্যাপটপ/ ডেক্সটপ)
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	হার্ড ফাইলে সংরক্ষণ	অনলাইনে রেকর্ড/ তথ্য সংরক্ষণ
১০। প্রযুক্তির প্রয়োগ প্রয়োজ্য কিনা	প্রযুক্তির প্রয়োগ প্রয়োজ্য নয়	প্রযুক্তির প্রয়োগ প্রয়োজ্য
১১। খরচ (নাগরিক+ অফিস)	সীমিত খরচ	সীমিত খরচ
১২। সময় (নাগরিক+ অফিস)	০৫ দিন	০১ দিন
১৩। যাতায়াত (নাগরিক)	যাতায়াতের প্রয়োজন	অনলাইন মাধ্যম হওয়ায় যাতায়াতের প্রয়োজন নাই
১৪। অন্যান্য	প্রয়োজ্য নয়	প্রয়োজ্য নয়

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা সভায় অংশগ্রহণ করার জন্য কর্মকর্তা মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করে থাকে।	ধাপ-১	পত্র আসার পর হার্ডকপিতে মনোনয়ন দিয়ে উক্ত কপিটি মোবাইলে ছবি তুলে pdf অথবা jpg ফাইল হিসাবে অ্যাপস অথবা সফটওয়্যারে আপলোড করে মনোনয়নকৃত কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।
ধাপ-২	এ বিভাগ থেকে কর্মকর্তা মনোনয়ন দিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে উক্ত পত্রটি (হার্ডকপি) প্রেরণ করা হয়	ধাপ-২	মনোনয়নকৃত কর্মকর্তার যদি একই দিনে একাধিক সভা থাকে অথবা অসুস্থ থাকেন অথবা বিশেষ জরুরী প্রয়োজনে সভায় উপস্থিত হতে না পারেন তাহলে উক্ত ম্যাসেজটি ডিসকার্ড/রিজেক্ট করতে পারবেন।
ধাপ-৩	মনোনয়নকৃত কর্মকর্তা নির্ধারিত তারিখ ও সময়ে সভায় অংশগ্রহণ করে থাকেন	ধাপ-৩	মনোনয়নকৃত কর্মকর্তা মেসেজটি ডিসকার্ড/রিজেক্ট করলে মনোনয়নকারী কর্মকর্তার কাছে একটি ডিসকার্ড/রিজেক্ট মেসেজ যাবে (অ্যাপস অথবা মোবাইল ফোনের মাধ্যমে মেসেজটি যাবে)।
ধাপ-৪	এছাড়াও কোন কর্মকর্তা অসুস্থ হলে অথবা জরুরী বিশেষ প্রয়োজনে অত্র বিভাগে অনুপস্থিত থাকলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে মোবাইল ফোন বা অন্য কোন মাধ্যমে অবহিত করে থাকেন।	ধাপ-৪	মনোনয়নকারী কর্মকর্তা পুনরায় কর্মকর্তা মনোনয়ন করে একইভাবে মেসেজ প্রেরণ করবেন।

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	০৫ দিন	০১ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	সীমিত	সীমিত
যাতায়াত	যাতায়াতে জনবল, অর্থ ও সময় ব্যয়	যাতায়াতের প্রয়োজন নাই
ধাপ	৪টি	৪টি
জনবল	০৫ জন	০১ জন
দাখিলীয় কাগজপত্র	হার্ডকপি	সফটকপি

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

(ক) সেবা সহজিকরণের নাম: কলেজের গভর্নিং বডি অনুমোদন কার্যক্রম সহজিকরণ।

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:


বিদ্যমান পদ্ধতিতে স্বশরীরে এসে ফরম সংগ্রহপূর্বক জমা দিতে হতো। এতে সময় ও অর্থের অপচয় হতো। মূল কাগজপত্রাদি সংগ্রহপূর্বক তা আবেদনের সাথে সংযুক্ত করতে হতো, প্রয়োজনে ছায়ালিপি সত্যায়িত করতে হতো। বিদ্যমান পদ্ধতিতে সেবার ধাপ ছিল ০৫টি এবং সময় লাগতো ২১ দিন।

প্রস্তাবিত পদ্ধতিতে প্রতিষ্ঠানে বসে অনলাইনের মাধ্যমে আবেদন করা যাবে। সফটকপি (সংযুক্ত আকারে) অনলাইনে দেয়া যাবে। সিদ্ধান্ত গ্রহণপূর্বক অনলাইনে আদেশ জারি করা হবে। প্রস্তাবিত পদ্ধতিতে সেবার ধাপ ০৪টি এবং সময় লাগবে ০৬ দিন।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ:

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতিটি ধাপের সময়	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	অধ্যক্ষ/ প্রতিনিধি শিক্ষা বোর্ডে এসে ফরম সংগ্রহ	১ দিন	অধ্যক্ষ/ প্রতিনিধি ও শিক্ষা বোর্ডের অভ্যর্থনাকারী
ধাপ-২	পূরণকৃত ফরম জমা	১ দিন	অধ্যক্ষ/ প্রতিনিধি ও শিক্ষা বোর্ডের জমা শাখা
ধাপ-৩	আবেদন শিক্ষা বোর্ডের হিসাব শাখা থেকে কলেজ শাখায় প্রেরণ	১ দিন	সেকশন অফিসার
ধাপ-৪	শাখা কর্তৃক যাচাই বাছাই	২ দিন	সেকশন অফিসার
ধাপ-৫	নথিতে উপস্থাপন	৪ দিন	সেকশন অফিসার
ধাপ-৬	সিদ্ধান্ত গ্রহণ	৬ দিন	সেকশন অফিসার, উপ-কলেজ পরিদর্শক, কলেজ পরিদর্শক ও চেয়ারম্যান
ধাপ-৭	আদেশের খসড়া অনুমোদন	২ দিন	কলেজ পরিদর্শক
ধাপ-৮	চূড়ান্ত চিঠি স্বাক্ষর	৩ দিন	কলেজ পরিদর্শক
ধাপ-৯	পত্র প্রেরণ	১ দিন	সেকশন অফিসার


২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ



৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদন পত্র/ ফরম	স্বশরীরে এসে ফরম সংগ্রহপূর্বক জমা দিতে হতো। এতে সময় ও অর্থের অপচয় হতো।	প্রতিষ্ঠানে বসে অনলাইনের মাধ্যমে আবেদন করা যাবে।
২। দাখিলীয় কাগজপত্রাদি	মূল কাগজপত্রাদি সংগ্রহপূর্বক তা আবেদনের সাথে সংযুক্ত করতে হতো, প্রয়োজনে ছায়ালিপি সত্যায়িত করতে হতো।	সফটকপি (সংযুক্ত আকারে)
৩। সেবার ধাপ	৫টি	৪টি
৪। সম্পৃক্ত জনবল	প্রতিষ্ঠানের ২ জন।	নাই
৫। অনুমোদনের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি	৪ জন (চেয়ারম্যান, কলেজ পরিদর্শক, উপ-কলেজ-পরিদর্শক, সেকশন অফিসার)	৪ জন (চেয়ারম্যান, কলেজ পরিদর্শক, উপ-কলেজ-পরিদর্শক, সেকশন অফিসার)
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	নাই	নাই
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন	অপরিবর্তিত	অপরিবর্তিত
৮। অবকাঠামো/ হার্ডওয়ার	প্রয়োজন ছিলনা	৪টি কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	হার্ড ফাইল	সফট ফাইল
১০। প্রযুক্তির প্রয়োগ	প্রয়োজন ছিলনা	তথ্য প্রযুক্তির মাধ্যমে
১১। খরচ (নাগরিক+ অফিস)	নাগরিক ২০০০/-	নাই
১২। সময় (নাগরিক+ অফিস)	২১ দিন	৬ দিন
১৩। যাতায়াত (নাগরিক)	২ বার	নাই
১৪। অন্যান্য		

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ



৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	আবেদন ফরম সংগ্রহ	ধাপ-১	আবেদন ফরম সংগ্রহ
ধাপ-২	আবেদন প্রক্রিয়াকরণ	ধাপ-২	আবেদন প্রক্রিয়াকরণ
ধাপ-৩	সিদ্ধান্ত	ধাপ-৩	সিদ্ধান্ত
ধাপ-৪	আদেশ জারি	ধাপ-৪	অনলাইনে আদেশ জারি
ধাপ-৫	পত্র গ্রহণ	ধাপ-৫	-----

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

বিবরণ	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	২১ দিন	৬ দিন
খরচ (নাগরিক+অফিস)	নাগরিক ২০০০/-	০ টাকা
যাতায়াত	২বার	০ বার
ধাপ	৫টি	৪টি
জনবল	৬ জন	৪ জন
দাখিলীয় কাগজপত্র	অপরিবর্তিত	অপরিবর্তিত

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

**(খ) সেবা সহজিকরণের নাম: শিক্ষাছুটি/ প্রেষণে উচ্চশিক্ষা/ গবেষণা কাজে নিয়োজিত শিক্ষক/
কর্মকর্তাদের আপডেট ডাটাবেজ সংরক্ষণসহ গবেষণা/ উচ্চশিক্ষার অগ্রগতি পরিবীক্ষণ সহজিকরণ**

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:


উচ্চশিক্ষা অথবা গবেষণায় নিয়োজিত কর্মকর্তাগণ তাদের নিজ নিজ কর্মস্থল থেকে অতি সহজেই নিজেদের তথ্যাদি পূরণ করতে পারবেন ফলে তাদের তথ্যাদি নিয়মিত আপডেট এবং অনলাইনে সংরক্ষণ থাকবে। পাশাপাশি গবেষণা কর্মের অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে পারবেন এবং এজন্য মাউশি অধিদপ্তরে আসার প্রয়োজন হবেনা। নিজস্ব পিডিএস লগ ইন করে তথ্যফরম পূরণ এবং গবেষণার অগ্রগতির রিপোর্ট এর স্ক্যান কপি আপলোড করতে হবে। মাউশি অধিদপ্তরের কর্মকর্তাগণ গবেষণার অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে গবেষণার/উচ্চ শিক্ষার অগ্রগতি পরিবীক্ষণ করবেন এবং অনুমোদন করবেন। বিদ্যমান পদ্ধতিতে সেবার ধাপ ছিল ০৮টি। সেবা সহজিকরণের ফলে সেবার ধাপ এখন ০২টি।

১) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পূর্ণ ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	প্রশিক্ষণ উইং থেকে তথ্য ফরম সংগ্রহ করে তা পূরণ, তথ্য রেজিস্টারে তথ্য লিপিবদ্ধকরণ	০১ দিন	আবেদনকারী
ধাপ-২	আবেদনকারী কর্তৃক প্রতি ০৬ মাস অন্তর গবেষণার অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য আবেদনপত্র জমা প্রদান	০১ দিন	আবেদনকারী
ধাপ-৩	আবেদনপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ ও প্রশিক্ষণ শাখায় প্রেরণ	০৬-১২ ঘণ্টা	রিসিভ শাখা
ধাপ-৪	পরিচালক (প্রশিক্ষণ) কর্তৃক পর্যালোচনা	০৩-০৫ ঘণ্টা	পরিচালক (প্রশিক্ষণ)
ধাপ-৫	উপ-পরিচালক কর্তৃক পর্যালোচনা	০৩-০৫ ঘণ্টা	পরিচালক
ধাপ-৬	সহকারী পরিচালক কর্তৃক পর্যালোচনা	০৩-০৫ ঘণ্টা	উপ-পরিচালক
ধাপ-৭	গবেষণা কর্মকর্তা কর্তৃক পর্যালোচনা	০৩-০৫ ঘণ্টা	সহকারী পরিচালক
ধাপ-৮	সংক্ষিপ্ত মন্তব্যসহ আবেদনকারীর ফাইলে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট অফিস সহকারী বরাবর শাখায় প্রেরণ	০১ দিন	গবেষণা কর্মকর্তা

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):

ধাপ: ০৮টি
সম্পূর্ণ জনবল: ৫ জন
সময়: ০৩-০৪ দিন




৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	পূরণকৃত তথ্য ফরম এবং তথ্য রেজিস্টার হারিয়ে যাওয়ার সম্ভবনা থাকে, প্রয়োজনে তথ্য খুজে পেতে সমস্যা হয়, অগ্রগতির প্রতিবেদন দাখিলের জন্য সাদা কাগজে আবেদন করতে হয়	অনলাইনে তথ্য পূরণ এবং অগ্রগতির প্রতিবেদন দাখিল, ফলে হারিয়ে যাওয়ার সম্ভবনা নেই এবং এজন্য কোন আবেদন করারও কোন প্রয়োজন নেই
২। দাখিলীয় কাগজপত্রাদি	১. সাদা কাগজে আবেদন ২. পূরণকৃত তথ্য ফরম ৩. মাউশি অধিদপ্তরের ছাড়পত্র ৪. কোর্সের অগ্রগতির প্রতিবেদন (প্রতি ০৬ মাসের) গবেষণা সুপারভাইজারের স্বাক্ষরসহ	১. কোর্সের অগ্রগতির প্রতিবেদনের স্কেন কপি (প্রতি ০৬ মাসের) গবেষণা সুপারভাইজারের স্বাক্ষরসহ
৩। সেবার ধাপ	০৮	০২
৪। সম্পূর্ণ জনবল	০৫ জন	০১ জন
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	১. পরিচালক (প্রশিক্ষণ) ২. উপ-পরিচালক (প্রশিক্ষণ) ৩. সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ৪. গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ) ৫. অফিস সহকারী	১. বর্ণিত কাজের জন্য অফিস কর্তৃক নিযুক্ত ব্যক্তি/ অ্যাডমিন

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	নাই	নাই
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি		
৮। অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি	নাই	বিদ্যমান EMIS Software
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়	Software এ সয়ংক্রিয়ভাবে সংরক্ষিত থাকবে
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	না	হ্যাঁ
১১। খরচ (নাগরিক+অফিস)	৩০০-৮০০০/-	শূন্য
১২। সময় (নাগরিক+অফিস)	০৩-০৭ দিন	১০-১৫ মিনিট
১৩। যাতায়াত (নাগরিক)	০১ বার	শূন্য
১৪। অন্যান্য		

৪) প্রস্তাবিত প্রসেস ম্যাপ



৫) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	প্রশিক্ষণ উইং থেকে তথ্য ফরম সংগ্রহ করে তা পূরণ, তথ্য রেজিস্টারে তথ্য লিপিবদ্ধকরণ	ধাপ-১	নিজস্ব PDS Log in করে তথ্যফরম পূরণ এবং গবেষণার অগ্রগতির রিপোর্ট এর Scan Copy Upload করণ।
ধাপ-২	আবেদনকারী কর্তৃক প্রতি ০৬ মাস অন্তর গবেষণার অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য আবেদনপত্র জমা প্রদান	ধাপ-২	Admin কর্তৃক রিপোর্ট পরীক্ষণ এবং Approve করা
ধাপ-৩	আবেদনপত্র গ্রহণ, ডায়েরীভুক্তকরণ ও প্রশিক্ষণ শাখায় প্রেরণ		
ধাপ-৪	পরিচালক (প্রশিক্ষণ) কর্তৃক পর্যালোচনা		
ধাপ-৫	উপ-পরিচালক কর্তৃক পর্যালোচনা		
ধাপ-৬	সহকারী পরিচালক কর্তৃক পর্যালোচনা		
ধাপ-৭	গবেষণা কর্মকর্তা কর্তৃক পর্যালোচনা		
ধাপ-৮	সংক্ষিপ্ত মন্তব্যসহ আবেদনকারীর ফাইলে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট অফিস সহকারী বরাবর শাখায় প্রেরণ		

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	০৩-০৭ দিন	১০-১৫ মিনিট
খরচ (নাগরিক ও অফিসের)	৩০০-৮০০০/-	শূন্য
যাতায়াত	০১ বার	শূন্য
ধাপ	০৮	০২
জনবল	৫ জন	০১
দাখিলীয় কাগজপত্র	১. সাদা কাগজে আবেদন ২. পূরণকৃত তথ্য ফরম ৩. মাউশি অধিদপ্তরের ছাড়পত্র ৪. কোর্সের অগ্রগতির প্রতিবেদন (প্রতি ০৬ মাসের) গবেষণা সুপারভাইজারের স্বাক্ষরসহ	১. কোর্সের অগ্রগতির প্রতিবেদনের স্ক্যান কপি (প্রতি ০৬ মাসের) গবেষণা সুপারভাইজারের স্বাক্ষরসহ

শিক্ষা মন্ত্রণালয়
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

(গ) সেবা সহজিকরণের নাম: চিকিৎসা অনুদান প্রদানে অনলাইন পদ্ধতি চালুকরণ

সেবাটি সহজিকরণের যৌক্তিকতা:

দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক/চিকিৎসা অনুদান প্রদান করা হয়। এই সেবাটি বিদ্যমান পদ্ধতিতে আবেদনকারী ট্রাস্টের ওয়েবসাইট থেকে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ডাকযোগে/সরাসরি আবেদন করতো। প্রস্তাবিত অনলাইন পদ্ধতির মাধ্যমে ‘ই-আর্থিক/চিকিৎসা অনুদান ব্যবস্থাপনা পদ্ধতি’ সফটওয়্যারের মাধ্যমে শিক্ষার্থীরা ঘরে বসেই আবেদন করতে পারে। ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন কপি, জন্মনিবন্ধন কপি ও সংশ্লিষ্ট চিকিৎসার প্রমাণক দাখিল করতে হয়। চালুকৃত অনলাইন পদ্ধতির মাধ্যমে আবেদনকারী প্রয়োজনীয় তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রি/দাখিল করে আবেদন করতে পারছে। বিদ্যমান পদ্ধতিতে সেবা প্রদানের ক্ষেত্রে সর্বমোট ১০টি ধাপ অতিক্রম করতে হতো। সেবাটি সহজিকরণের ফলে বর্তমানে সেবার ধাপ হবে ০৭ টি।

১। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ:

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পূর্ণ ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক/ চিকিৎসা অনুদান প্রদান সেবাটি ম্যানুয়াল পদ্ধতিতে আবেদনকারী ট্রাস্টের ওয়েবসাইট থেকে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ডাকযোগে/ সরাসরি ট্রাস্ট অফিসে জমা প্রদান।	০৫-১০ দিন	শিক্ষার্থী ও প্রতিষ্ঠান প্রধান।
ধাপ-২	শিক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত আবেদনসমূহের হার্ডকপি এন্ট্রি/ যাচাই-বাছাইপূর্বক নির্ধারিত কমিটির সভা আহবান করা এবং সভায় সুপারিশকৃত আবেদনের বিপরীতে চেক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর প্রেরণ।	০৪ মাস	ট্রাস্ট অফিসের ডাটা এন্ট্রি অপারেটর, নির্ধারিত কমিটি ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ:

বিদ্যমান পদ্ধতিতে সেবা প্রদানের ক্ষেত্রে সর্বমোট ধাপঃ ১০টি

৩। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন	আর্থিক/ চিকিৎসা অনুদান প্রদান সেবাটি ম্যানুয়াল পদ্ধতিতে আবেদনকারী ট্রাস্টের ওয়েবসাইট থেকে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ডাকযোগে/ সরাসরি আবেদন করতো। প্রস্তাবিত অনলাইন পদ্ধতির মাধ্যমে 'ই-আর্থিক/ চিকিৎসা অনুদান ব্যবস্থাপনা পদ্ধতি' সফটওয়্যারের মাধ্যমে শিক্ষার্থীরা ঘরে বসেই আবেদন করতে পারে।	'ই-আর্থিক অনুদান ব্যবস্থাপনা পদ্ধতি' সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীর ঘরে বসেই আবেদন করতে পারে।
২। দাখিলীয় কাগজপত্রাদি	ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন কপি, জন্মনিবন্ধন কপি ও সংশ্লিষ্ট চিকিৎসার প্রমাণক দাখিল করতে হয়। চালুকৃত অনলাইন পদ্ধতির মাধ্যমে আবেদনকারী প্রয়োজনীয় তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রি/ দাখিল করে আবেদন করতে পারছে।	অনলাইন পদ্ধতির মাধ্যমে।
৩। সেবার ধাপ	ম্যানুয়াল পদ্ধতিতে প্রথমে আবেদন ফরম ডাউনলোড করে পূরণকৃত আবেদনে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর নিয়ে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহপূর্বক সত্যায়িত করে ডাকযোগে/সরাসরি প্রেরণ করতে হতো। চালুকৃত অনলাইন পদ্ধতিতে সেবা প্রদানের ক্ষেত্রে সর্বমোট ধাপ ৬টি।	অনলাইনে মাত্র ৫ থেকে ১০ মিনিটে আবেদন সম্পন্ন।
৪। সম্পূর্ণ জনবল	ম্যানুয়াল পদ্ধতিতে এন্ট্রি/ যাচাই-বাছাই করনের জন্য অধিক সময় ও জনবলের প্রয়োজ হয় কিন্তু প্রস্তাবিত 'ই-আর্থিক/ চিকিৎসা অনুদান ব্যবস্থাপনা পদ্ধতিতে ০১ জন ব্যক্তি মনিটরিং করলেই যথেষ্ট।	কমজনবল সম্পূর্ণ।
৫। স্বাক্ষরকারী/ অনুমোদনের সঙ্গে সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা ও পদবি	শিক্ষার্থীর আবেদনের কপি প্রতিষ্ঠান প্রধান অনুমোদনপূর্বক প্রেরণের পরে নির্ধারিত কমিটি অনুমোদন করে। পক্ষান্তরে, অনলাইনে আবেদন শিক্ষার্থী নিজেই করতে পারে।	সম্পূর্ণ ব্যক্তির সংখ্যা কম।
৬। আন্তঃঅফিস নির্ভরশীলতা	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।	আন্তঃঅফিস নির্ভরশীলতা নেই।
৭। আইন/ বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি	দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক/ চিকিৎসা অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০	অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০।
৮। অবকাঠামো/ হার্ডওয়্যার ইত্যাদি	ম্যানুয়াল পদ্ধতিতে এন্ট্রি/যাচাই-বাছাই করে সংরক্ষণ করে রাখা হতো এবং অনলাইন পদ্ধতিতে তার প্রয়োজন নেই।	অনলাইন পদ্ধতি।
৯। রেকর্ড/ তথ্য সংরক্ষণ	ম্যানুয়াল পদ্ধতিতে এন্ট্রি/যাচাই-বাছাই করে সংরক্ষণ করা হয়। অনলাইন পদ্ধতিতে সফটওয়্যারের মাধ্যমে বিসিসিতে তা সংরক্ষণ রাখা হয়।	বিসিসিতে তথ্য সংরক্ষণ।

ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১০। প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা	চালুকৃত 'ই-আর্থিক/ চিকিৎসা অনুদান ব্যবস্থাপনা পদ্ধতিতে' ডিজিটাল প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য।	প্রযুক্তির মাধ্যমে নিষ্পন্ন।
১১। খরচ (নাগরিক+ অফিস)	ম্যানুয়াল পদ্ধতিতে (নাগরিক ও অফিস) ৩০০-৫০০ টাকা খরচ হয়। অনলাইন পদ্ধতিতে খরচ হয় ৩০-৫০ টাকা মাত্র।	সামান্য খরচ।
১২। সময় (নাগরিক+ অফিস)	ম্যানুয়াল পদ্ধতিতে আর্থিক/ চিকিৎসা অনুদান প্রদানে সময় লাগে ০৩/০৪ মাস। 'ই-আর্থিক অনুদান ব্যবস্থাপনা পদ্ধতিতে আবেদনের ১৫ (পনের) দিনের মধ্যে আবেদন নিষ্পন্ন করা হয়।	অতি অল্প সময়ে আবেদন নিষ্পন্ন।
১৩। যাতায়াত (নাগরিক)	চালুকৃত অনলাইন পদ্ধতিতে যাতায়াত (নাগরিক) প্রয়োজন নেই।	যাতায়াতের প্রয়োজন নেই।
১৪। অন্যান্য	'ই-আর্থিক/ চিকিৎসা অনুদান ব্যবস্থাপনা পদ্ধতিতে' ডিজিটাল প্রযুক্তির প্রয়োগ হয়েছে বিধায় শিক্ষার্থীরা ঘরে বসে অতিঅল্প সময়ে প্রায় বিনা খরচে আবেদন করতে পারছে।	ডিজিটাল প্রযুক্তির সুফল পাচ্ছে।

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ:

চালুকৃত অনলাইন পদ্ধতিতে সেবা প্রদানের ক্ষেত্রে সর্বমোট ধাপ ৬টি:

ধাপ-১: ব্যক্তিগত তথ্যাদি;

ধাপ-২: অভিভাবক সম্পর্কিত;

ধাপ-৩: প্রাতিষ্ঠানিক তথ্যাদি;

ধাপ-৪: দুর্ঘটনা সম্পর্কিত তথ্য;

ধাপ-৫: সরবরাহকৃত তথ্য;

ধাপ-৬: নিশ্চিতকরণ।

৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	আবেদনকারী ট্রাস্টের ওয়েবসাইট/ ট্রাস্ট অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ।	ধাপ-১	'ই-আর্থিক অনুদান ব্যবস্থাপনা পদ্ধতি'তে (সফটওয়্যার) প্রবেশ ও ব্যক্তিগত তথ্যাদি পূরণ।
ধাপ-২	আবেদন ফরম পূরণ।	ধাপ-২	অভিভাবক সম্পর্কিত তথ্যাদি পূরণ।
ধাপ-৩	প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর সংগ্রহ।	ধাপ-৩	প্রাতিষ্ঠানিত তথ্যাদি পূরণ।
ধাপ-৪	সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহ।	ধাপ-৪	দুর্ঘটনা সম্পর্কিত তথ্যাদি আপলোড।
ধাপ-৫	সংগৃহীত সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়িত।	ধাপ-৫	সরবরাহকৃত তথ্য দাখিল।
ধাপ-৬	সংগৃহীত সংশ্লিষ্ট কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত।	ধাপ-৬	আবেদন নিশ্চিত।
ধাপ-৭	ডাকযোগে/ সরাসরি ট্রাস্ট অফিসে জমা প্রদান।	ধাপ-৭	কমিটির সভা আহ্বান এবং অনলাইন/ মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থ প্রেরণ।
ধাপ-৮	প্রাপ্ত আবেদনসমূহের হার্ডকপি এন্ট্রি ও যাচাই-বাছাইকরণ।		
ধাপ-৯	নির্ধারিত কমিটির সভা আহ্বান।		
ধাপ-১০	সুপারিশকৃত আবেদনের বিপরীতে চেক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ শিক্ষার্থী বরাবর প্রেরণ।		

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

বিবরণ	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘণ্টা)	০৩/০৪ মাস	১৫ (পনের) দিন
খরচ (নাগরিক ও অফিসের)	৩০০-৫০০ টাকা	৩০-৫০ টাকা
যাতায়াত	০৫-০৬ বার	প্রয়োজ্য নয়
ধাপ	১০ টি	০৭ টি
জনবল	জনবলের প্রয়োজন হয়	সফটওয়্যারের মাধ্যমে নিষ্পন্ন হয়
দাখিলীয় কাগজপত্র	ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন কপি, জন্মনিবন্ধন কপি ও সংশ্লিষ্ট চিকিৎসার প্রামাণিক দাখিল করতে হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রি করতে হয় বিধায় কোন হার্ডকপির প্রয়োজন নেই।



মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার